International Labour Organization



# ফ্যাসিলিটেটর'স নোটস

## স্টুডেন্ট ক্যারিয়ার গাইডেন্স



# ফ্যাসিলিটেটর’স নোটস

## স্টুডেন্ট ক্যারিয়ার গাইডেন্স



# সূচীপত্র

**সহায়তাকারীর নোট**
**শিক্ষার্থীদের অনুশীলনঃ**


০১. ক্যারিয়ার উন্মোচনের পথ ........ ০১
০২. নিজেকে বোঝা ........ ০২
০৩. ক্যারিয়ার বিশ্বাস কী ........ ০৩
০৪. ক্যারিয়ার বিশ্বাসের প্রভাব ........ ০৪
০৫. বহুবিধ সম্ভাবনা ........ ০৫
০৬. আমার আগ্রহের রেখাচিত্র ........ ০৭
০৭. নিজের শক্তির খোঁজে : শক্তি ও সাফল্যের প্রশ্ন ........ ০৯
০৮. আমার কর্মশক্তির রেখাচিত্র ........ ১১
০৯. কাজ... চাকরি... ক্যারিয়ার... ........ ১৬
১০. কোর্স ও ক্যারিয়ার ........ ১৮
১১. শিক্ষার মাইলফলক ........ ২০
১২. সংযোগ স্থাপন ........ ২১
১৩. আমার পছন্দের ক্যারিয়ার ........ ২২
১৪. লক্ষ্য স্থির করা – বড় যদি হতে চাও, ছোট হও তবে ........ ২৪
১৫. জীবনব্যাপী ক্যারিয়ারের উন্নয়ন ........ ২৬
১৬. ক্যারিয়ার গঠন : চাকরি সন্ধানে দক্ষতার পরিচয় ........ ২৭
১৭. চাকরি অনুসন্ধানের দক্ষতা অনুশীলন : প্রতিষ্ঠান সম্পর্কে জানা ........ ২৯
১৮. চাকরি খোঁজার দক্ষতা : চাকরির বিজ্ঞাপন খুঁজে বের করা ও বোঝা ........ ৩০
১৯. চাকরি খোঁজার দক্ষতা : চাকরির পোর্টালে নিবন্ধন করা ........ ৩১
২০. নিজেকে উপস্থাপনার দক্ষতা : জীবনবৃত্তান্ত (সিভি) ........ ৩২
২১. নিজেকে উপস্থাপনার দক্ষতা : কাভার লেটার ........ ৩৩
২২. কর্মঅভিজ্ঞতার সুযোগ সৃষ্টি ........ ৩৪



# সহায়তাকারীর নোট
# শিক্ষার্থীদের অনুশীলন:

## ০১
## ক্যারিয়ার উন্মোচনের পথ

| | |
|---|---|
| শিরোনাম | **ক্যারিয়ার উন্মোচনের পথ** |
| বিষয়বস্তু | এটি অনুশীলন কার্যক্রমের প্রথম পর্ব। এই কার্যক্রমের মধ্য দিয়ে অংশগ্রহণকারীরা ক্যারিয়ার সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়ার মূল চারটি উপাদান সম্পর্কে পরিচিত হবে। |
| শিক্ষার উদ্দেশ্য | এই অনুশীলনের শেষে শিক্ষার্থীরা অবশ্যই স্পষ্টভাবে কয়েকটি বিষয় জানতে পারবে।<br>ক্যারিয়ার বিকাশের জন্য চারটি দক্ষতা দরকার, যেমন– নিজেকে জানার দক্ষতা, বিশ্বের কাজের পরিধি সম্পর্কে জানা, বিকল্প ক্যারিয়ারের বিকাশ এবং ক্যারিয়ারের প্রস্তুতির জন্য কী কী দক্ষতার প্রয়োজন, তা জানা। |
| টার্গেট গ্রুপ | পুরো দল (৩০ জন শিক্ষার্থী বা একটি শাখা) |
| সময় | ১০ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে কয়েকটি উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. ওয়ার্কশিট : ক্যারিয়ার উন্মোচনের পথ ওয়ার্কশিট<br>২. ফ্লিপচার্ট : সম্পন্ন ক্যারিয়ার উন্মোচনের পথ |
| পদ্ধতি | **ওয়ার্কশিট ও ফ্লিপচার্ট নোট ব্যবহার করে ক্যারিয়ার উন্মোচনের পথ উপস্থাপন করুন।**<br>১. নিজেকে আবিষ্কার করা = আগ্রহ + সক্ষমতা + কর্মশক্তি + ক্যারিয়ার বিশ্বাস<br>২. বিশ্বের কাজের পরিধি = শিক্ষা সংক্রান্ত তথ্য ও ক্যারিয়ার সংক্রান্ত তথ্য<br>৩. বিকল্প ক্যারিয়ার = বিকল্প পেশার উন্নয়ন<br>৪. ক্যারিয়ারের প্রস্তুতি = ক্যারিয়ারের পথ পরিকল্পনা, মাইলফলক সম্পর্কে অবগত থাকা ও নিজেকে উপস্থাপন করা।<br><br>এই অনুশীলনে শুধু তথ্য উপস্থাপন করতে হবে। শিক্ষার্থীরা ক্যারিয়ার উন্মোচনের ওয়ার্কশিটের প্রত্যেক ফাঁকা অংশে মূল বিষয়গুলো লিখে রাখবেন। এই কার্যক্রমটি দ্রুত শেষ করুন, পরবর্তী অনুশীলনে ক্যারিয়ার উন্মোচনের পথ সম্পর্কে বিস্তারিত আলোচনা থাকবে। |
| উপসংহার | উল্লেখ করুন– প্রোগ্রামের বাকি অংশগুলো ক্যারিয়ার আবিষ্কারের পথের মাধ্যমে অগ্রসর হবে এবং অনুশীলনটি শেষ করুন। |



# ০২
# নিজেকে বোঝা

| শিরোনাম | **নিজেকে বোঝা** |
|---|---|
| বিষয়বস্তু | এই কার্যক্রমটি তৈরি করা হয়েছে ছাত্রদের আগ্রহ ও সক্ষমতার অর্থ বোঝানোর জন্য এবং আগ্রহ-সক্ষমতার মধ্যকার সম্পর্ক বোঝানোর জন্য। পরবর্তী ধাপের কার্যক্রমে শিক্ষার্থীদের ক্যারিয়ার বিশ্বাস ও কীভাবে তাদের দৃষ্টিভঙ্গি ও মতামত ব্যক্তিগত কর্মশক্তি বিকাশ করতে প্রভাব রাখে, তা নিয়ে আলোচনা করা হবে। |
| শিক্ষার উদ্দেশ্য | **এই কার্যক্রমের শেষে শিক্ষার্থীরা কিছু বিষয়ে সক্ষমতা অর্জন করবে :**<br>১. আগ্রহ কী<br>২. সক্ষমতা কী<br>৩. আগ্রহ ও সক্ষমতার সংমিশ্রণের অর্থ<br>৪. কর্মশক্তির অর্থ<br>৫. ক্যারিয়ার বিশ্বাস কী |
| টার্গেট গ্রুপ | পুরো দল (৩০ জন শিক্ষার্থী বা একটি শাখা) |
| সময় | ১৫ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. ওয়ার্কশীট নিজেকে বোঝা<br>২. ফ্লিপচার্ট নিজেকে বোঝা |
| পদ্ধতি | ওয়ার্কশিটগুলো ভাগ করে দিন। ওয়ার্কশিট ও ফ্লিপচার্টের সহায়তায় আগ্রহ, সক্ষমতা, আগ্রহ ও সক্ষমতার ওভারল্যাপিং ও কর্মদক্ষতার ব্যাখ্যা দিন। শিক্ষার্থীরা ফাঁকা স্থানগুলো পূরণ করবে। |
| উত্তর | **আগ্রহ হচ্ছে :**<br>১. এমন কর্মকাণ্ড, যা লোকজনের **নজর** কাড়ে<br>২. যে জিনিস সম্পর্কে কেউ **আগ্রহী**<br>৩. যে কাজ কেউ **অনুকরণ বা অনুসরণ** করতে চান<br>৪. সবাই যে কাজকে **সার্থক** বিবেচনা করে<br>৫. এমন ক্রিয়াকলাপ, যা কাউকে **উত্তক্ত** করে না<br>৬. **অন্যের** মাধ্যমে **প্রভাবিত** হয়<br><br>**সক্ষমতা হচ্ছে :**<br>১. যে কাজে আপনি **স্বাভাবিকভাবেই** ভালো<br>২. যে কাজের জন্য আপনার **উচ্চ-ক্ষমতা** রয়েছে<br>৩. আপনি **ভালোভাবে** করতে পারেন যে কাজ<br>৪. যে কাজ আপনি **কঠিন** মনে করেন না<br>৫. যে কাজে আপনি সাধারণত **দক্ষ**<br>৬. অন্যের মাধ্যমে **প্রভাবিত** নয়<br><br>**কর্মশক্তি হচ্ছে :**<br>১. আগ্রহ ও সক্ষমতার সংমিশ্রণ<br>২. আগ্রহ ও সক্ষমতার সম্মিলন |
| উপসংহার | শিক্ষার্থীদের কর্মশক্তি সম্পর্কে তাদের সংজ্ঞা লিখতে বলুন ও কয়েকজনকে উপস্থাপন করতে বলুন। |



# ০৩
# ক্যারিয়ার বিশ্বাস কী

| | |
|---|---|
| শিরোনাম | **ক্যারিয়ার বিশ্বাস কী?** |
| বিষয়বস্তু | নিজেকে জানার তিনটি স্তর আছে। প্রথমত, আগ্রহ সম্পর্কে জানতে হবে। দ্বিতীয়ত, সক্ষমতা সম্পর্কে জানা এবং তৃতীয়ত, ক্যারিয়ার বিশ্বাস জানা। এই অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীদের ক্যারিয়ার বিশ্বাসের সঙ্গে পরিচয় করানো হবে।<br>ক্যারিয়ার বিশ্বাস কী?<br>ধারণা, ক্যারিয়ার পছন্দ ও উন্নয়ন সম্পর্কে বিচার করার ক্ষমতা।<br>এই বিশ্বাসগুলো কেবল একজন মানুষের বিশ্বাস নয়, এটা একটি সম্প্রদায় বা গোষ্ঠীর বিশ্বাস।<br>ক্যারিয়ার বিশ্বাস এক সম্প্রদায় থেকে অন্য সম্প্রদায় এবং এক প্রজন্ম থেকে অন্য প্রজন্ম অতিক্রম করে।<br>ক্যারিয়ার উন্নয়ন প্রক্রিয়ায় ক্যারিয়ার বিশ্বাসের প্রভাব এশিয়ার অঞ্চলে খুবই বেশি।<br>দয়া করে বাংলাদেশের প্রেক্ষাপটে ক্যারিয়ার বিশ্বাস সম্পর্কে জানতে ওপরের বিস্তারিত নোট পড়ে নিন। এই কার্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীদের ক্যারিয়ার বিশ্বাস সম্পর্কে সচেতনতা বাড়বে। |
| শিক্ষার উদ্দেশ্য | **এই অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে ক্যারিয়ার বিশ্বাস সম্পর্কে সচেতনতা বাড়বে।**<br>১. ক্যারিয়ার বিশ্বাসের মৌলিক বৈশিষ্ট্য<br>২. কর্মশক্তির বিকাশে ক্যারিয়ার বিশ্বাসের প্রভাব |
| টার্গেট গ্রুপ | পুরো দল (৩০ জন শিক্ষার্থী বা একটি বিভাগ) |
| সময় | ১০ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. ওয়ার্কশিট : ক্যারিয়ার বিশ্বাস |
| পদ্ধতি | ওয়ার্কশিটগুলো শিক্ষার্থীদের মধ্যে ভাগ করে দিন। ক্যারিয়ার বিশ্বাস ব্যাখ্যার জন্য ওয়ার্কশিট ব্যবহার করুন। প্রত্যেকটি ওয়ার্কশিট নিয়ে আলোচনা করুন। শিক্ষার্থীরা ফাঁকা স্থানগুলো পূরণ করবে। |
| উত্তর | **ক্যারিয়ার বিশ্বাস হলো :**<br>০১. ক্যারিয়ার সম্পর্কে **মতামত**<br>০২. ক্যারিয়ার সম্পর্কে **ধারণা**<br>০৩. ক্যারিয়ারের প্রতি **মনোভাব**<br>০৪. সব সময় **যুক্তিসঙ্গত** নয়<br>০৫. এক গ্রুপ থেকে অন্যটি **আলাদা**<br>০৬. আমাদের ক্যারিয়ারের ওপর **শক্তিশালী প্রভাব**<br>০৭. **নেতিবাচক** ক্যারিয়ার বিশ্বাস আমাদের ক্যারিয়ারের উন্নয়ন থমকে দিতে পারে |
| উপসংহার | নিশ্চিত করুন যে সব শিক্ষার্থী ফাঁকা স্থান পূরণ করেছে, এরপর পরবর্তী কার্যক্রমে যান। |




# ০৪
# ক্যারিয়ার বিশ্বাসের প্রভাব

| | |
|---|---|
| শিরোনাম | **ক্যারিয়ার বিশ্বাসের প্রভাব** |
| বিষয়বস্তু | আগের কার্যকমে শিক্ষার্থীরা ক্যারিয়ার বিশ্বাস কী, সে বিষয়ে আলোচনা হয়েছে। এই কার্যক্রমে শিক্ষার্থীরা ক্যারিয়ার<br>বিশ্বাস ক্যারিয়ার পছন্দের ওপর কী ধরনের প্রভাব ফেলে, তা জানতে পারবে। |
| শিক্ষার উদ্দেশ্য | **এই কার্যক্রম শেষে শিক্ষার্থীরা নিচের বিষয়গুলো করতে পারবে :**<br>১. ক্যারিয়ার উন্নয়নে ক্যারিয়ার বিশ্বাস কীভাবে প্রভাব ফেলে, তা জানবে<br>২. একটি অন্তত উদাহরণ দিতে পারবে, যা ক্যারিয়ার উন্নয়নে বাধা দিতে পারে অথবা উন্নয়নে ভূমিকা রাখতে পারে |
| সময় | ছোট গ্রুপ আলোচনা : ১৫ মিনিট<br>সম্পূর্ণ গ্রুপ আলোচনা : ২৫ মিনিট<br>উপসংহার : ০৫ মিনিট<br>মোট : ৪৫ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. ওয়ার্কশিট : ক্যারিয়ার বিশ্বাসের প্রভাব |
| পদ্ধতি | **এই ওয়ার্কশিটে ৫টি গল্প আছে। প্রতিটি গল্পে ভিন্ন ক্যারিয়ার বিশ্বাস বিষয়ে বলা হয়েছে।**<br>০১. পুরো গ্রুপকে ৫টি ছোট গ্রুপে বিভক্ত করতে হবে<br>০২. সকল শিক্ষার্থীকে ৩ পৃষ্ঠার পুরো ওয়ার্কশিট দিতে হবে<br>০৩. একে গ্রুপকে একেক গল্প দিতে হবে<br>০৪. প্রতিটি গ্রুপ সংশ্লিষ্ট গল্প নিয়ে নিজেরা ১৫ মিনিট আলোচনা করবে, তারার প্রশ্নের জবাব দেবে<br>০৫. উন্মুক্ত আলোচনার মাধ্যমে প্রতিটি গ্রুপ নিজেদের গল্পটি সবার সামনে উপস্থাপন করবে<br>০৬. সহায়তাকারী প্রতিটি গল্পের শিক্ষণীয় দিকটি তুলে ধরবেন<br>০৭. প্রতিটি গ্রুপ গল্পের মূল কথাগুলো লিখে রাখবে<br>০৮. এভাবে পর্যায়ক্রমে সবগুলো বিশ্বাস উপস্থাপিত হবে<br>০৯. সব গল্প উপস্থাপন শেষে সবাইকে ওয়ার্কশিটের ফাঁকা স্থানে একটি করে উদাহরণ লিখতে হবে, যা ক্যারিয়ার ত্বরান্বিত করে অথবা বাধাগ্রস্ত করে<br>অন্ত দুজনকে প্রশ্ন করুন, তারা কী লিখেছে। হাতে সময় কম থাকলে যে কোনো একটি গল্প নিয়েই এই অনুশীলন করা যেতে পারে। |



# ০৫
# বহুবিধ সম্ভাবনা

| | |
|---|---|
| শিরোনাম | **বহুবিধ সম্ভাবনার কাঠামো** |
| বিষয়বস্তু | ক্যারিয়ার পছন্দ করার রেফারেন্সের জন্য একটি কাঠামো দরকার, যার মাধ্যমে তারা নিজেরাই নিজেদের ভালোমতো বুঝতে ও পর্যবেক্ষণ করতে পারে। মানুষের বহুবিধ কর্মশক্তির ধারণা দিয়ে এই কাঠামো প্রস্তুত করা হয়েছে। বিভিন্ন সক্ষমতা ও<br><br>প্রতিভায় বুদ্ধিমত্তার প্রতিফলন রয়েছে। কেউ খেলার মাঠে দুর্দান্ত, কেউ নকশা তৈরি বা সংগীতে ভালো। কেউ হয়তো মানুষের সঙ্গে মেলামেশা বা যুক্তি দিতে পারদর্শী। ক্যারিয়ার পরামর্শের এই পদ্ধতি তরুণদের কর্মশক্তি শনাক্ত করতে সাহায্য করে। এই কাঠামো সম্পর্কে আরও জানতে মূল দক্ষতার বিভাগটি দেখুন। |
| শিক্ষার উদ্দেশ্য | **এই অনুশীলনের শেষে শিক্ষার্থীরা অবশ্যই সুস্পষ্টভাবে যেসব বিষয় করতে সক্ষম হবে :**<br>১. ব্যাখ্যা করতে পারবে, আমাদের সবার কর্মশক্তি রয়েছে এবং সম্ভাবনাগুলো ব্যক্তি-বিশেষে ভিন্ন হতে পারে<br>২. পাঁচটি কর্মশক্তির নাম উল্লেখ করতে পারবে<br>৩. ক্যারিয়ার বেছে নেওয়ার প্রক্রিয়া শুরু হয় আগ্রহ ও সক্ষমতার সঙ্গে<br>৪. প্রতিটি কর্মশক্তির সঙ্গে অন্তত ৩টি ক্যারিয়ার বাছাই করুন |
| সময় | **ভূমিকা ও গ্রুপিং : ৫ মিনিট**<br>ছোট গ্রুপ কাজ : ১০ মিনিট<br>উপস্থাপনা : ২০ মিনিট (প্রতি গ্রুপের জন্য ৫ মিনিট করে)<br>সমাপ্তি : ৫ মিনিট<br>মোট : ৬০ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগেই যেসব উপকরণ প্রস্তুত থাকা দরকার :**<br>১. ওয়ার্কশিট : বহুবিধ সম্ভাবনা<br>২. ফ্লিপচার্ট : বহুবিধ সম্ভাবনা<br>৩. লার্নিং কার্ড : ভাষাগত দক্ষতা, যৌক্তিক বিশ্লেষণ ক্ষমতা, শারীরিক ও যান্ত্রিক দক্ষতা, শৈল্পিক দক্ষতা ও মানবিক দক্ষতা<br>৪. প্রতিটি দলের জন্য একটি পত্রিকা<br>৫. প্রতিটি দলের জন্য একটি লম্বা কাঠি<br>৬. প্রতি দুজন শিক্ষার্থীর জন্য একটি ক্যারিয়ার অভিধান |




| | |
|---|---|
| পদ্ধতি | ৫টি কর্মশক্তি আলোচনা করতে ফ্লিপচার্ট ব্যবহার করুন। শিক্ষার্থীদের বহুবিধ সম্ভাবনার কাঠামোপত্র দেখতে বলুন। আমাদের সবার ৫টি প্রতিভা ও ৫ রকমের ক্যারিয়ার আছে। কর্মশক্তির সংক্ষিপ্ত নামগুলোর সঙ্গে পরিচয় করিয়ে দিন।<br><br>ভা : ভাষাগত দক্ষতা<br>যৌ : যৌক্তিক বিশ্লেষণ ক্ষমতা<br>শা : শারীরিক যান্ত্রিক দক্ষতা<br>শৈ : শৈল্পিক দক্ষতা<br>মা : মানবিক দক্ষতা<br><br>**ফ্লিপচার্টের মাধ্যমে প্রতিটি কর্মশক্তি আলোচনা করুন। আলোচনার সময় শিক্ষার্থীরা যেসব কাজ করবে :**<br>১. কর্মশক্তির পুরো নাম লিখবে<br>২. প্রতিটি কর্মশক্তির বৈশিষ্ট্য লিখবে<br>৩. ক্যারিয়ার অভিধান ব্যবহার করে প্রতিটি কর্মশক্তির ক্যারিয়ারের উদাহরণ লিখবে<br><br>সবাইকে পাঁচটি ছোট দলে ভাগ করে প্রতিটি দলে একটি করে লার্নিং কার্ড, পত্রিকা, লম্বা কাঠি ও পর্যাপ্ত অভিধান দিন। এখন তাদের যেসব নির্দেশনা দিতে হবে :<br><br>'লার্নিং কার্ড ও বহুবিধ সম্ভাবনার ওয়ার্কশিটে গিয়ে পত্রিকা ও কাঠি ব্যবহার করে ৫ বছরের শিশুর জন্য একটি খেলনা তৈরি করো, যা তোমাদের কর্মশক্তিকে নির্দেশ করে। পাখা, নৌকা বা উড়োজাহাজ বানানো যাবে না। যা বানিয়েছ, তা সবাইকে দেখাতে হবে।'<br><br>কাজটি করার জন্য ১০ মিনিট সময় দিন। এরপর প্রতিটি দল নিজের কাজ উপস্থাপন করবে। লার্নিং কার্ডে বর্ণিত কর্মশক্তির সঙ্গে খেলনার সম্পর্ক তুলে ধরবে।<br><br>উপস্থাপনার সময় ফ্লিপচার্ট ব্যবহার করে শিক্ষার্থীদের ওয়ার্কশিট পূরণে সহযোগিতা করতে হবে।<br>প্রথম বক্সে কর্মশক্তির নাম<br>দ্বিতীয় বক্সে কর্মশক্তির সংজ্ঞা<br>তৃতীয় বক্সে কর্মশক্তি সম্পৃক্ত ৩/৪টি ক্যারিয়ার |
| উপসংহার | শিক্ষার্থীদের 'চিন্তার জায়গা' পূরণ করতে বলে শেষ করুন। এই অনুশীলন থেকে কে কী শিখল, তা কীভাবে প্রয়োগ করা যাবে, তা জিজ্ঞেস করুন। |



# ০৬
# আমার আগ্রহের রেখাচিত্র

| | |
|---|---|
| শিরোনাম | **আমার আগ্রহের রেখাচিত্র** |
| বিষয়বস্তু | সহায়তাকারীর জন্য নোট<br><br>এই ওয়ার্কশিট মূলত একটি আদর্শ আগ্রহের তালিকা, যাকে বলা হয় 'আমার আদর্শের রেখাচিত্র'। এই অনুশীলনটি ক্যারিয়ার-সন্ধানীদের নির্দিষ্ট কাঠামোয় পদ্ধতিগতভাবে কর্মসংক্রান্ত আগ্রহ পর্যবেক্ষণে সাহায্য করে। এটি বহুমুখী দক্ষতার ভিত্তিতে প্রস্তুত করা হয়েছে। প্রতিটি দক্ষতার জন্য ১২টি বিষয় দেওয়া আছে, যা ওই পেশাগুলোর সঙ্গে সম্পৃক্ত। অংশগ্রহণকারীরা প্রত্যেক বিষয়ে রেটিং দিয়ে পরিমাপ করবে, তারা কর্মজীবনে ওই বিষয়গুলোতে কতখানি জড়িত হতে চায়। রেটিংয়ের যোগফল বিভিন্ন দক্ষতার ক্ষেত্রে তাদের আগ্রহের রেখাচিত্র তুলে ধরবে। |
| শিক্ষার উদ্দেশ্য | **অনুশীলন শেষে শিক্ষার্থীরা যেসব বিষয় ব্যাখ্যা করতে পারবে :**<br>১. প্রত্যেকেরই কিছু না কিছু বিষয়ে আগ্রহ রয়েছে<br>২. অল্প কিছু আগ্রহ কর্মজীবনের সঙ্গে সম্পৃক্ত<br>৩. প্রত্যেকেই কর্ম-সংক্রান্ত আগ্রহ বাছাই করতে পারবে<br>৪. আগ্রহের রেখাচিত্র তৈরি করতে পারবে<br>৫. প্রধান ১০টি আগ্রহ বাছাই করতে হবে, যেগুলোতে তারা কর্মজীবনে সম্পৃক্ত হতে চায় |
| টার্গেট গ্রুপ | প্রত্যেক অংশগ্রহণকারীকে আলাদাভাবে অনুশীলন করতে হবে। |
| সময় | সূচনা ও নির্দেশনা : ১০ মিনিট<br>আগ্রহের তালিকা : ৩০ মিনিট<br>প্রাধান্যযুক্ত আগ্রহ : ১০ মিনিট<br>ব্যাখ্যা : ১০ মিনিট<br>মোট : ৬০ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১) ওয়ার্কশিট : আমার আগ্রহের রেখাচিত্র (২ পৃষ্ঠা) |
| পদ্ধতি | ব্যক্তিগত জীবন ও কর্মজীবনের আগ্রহের পার্থক্য সংক্ষিপ্তভাবে দিতে হবে। এ ক্ষেত্রে উপযুক্ত ছবি ব্যবহার করা যেতে পারে।<br>১. ব্যক্তিগত আগ্রহসূচক কর্মকাণ্ড বলতে বোঝায় একজন মানুষের কর্মপরিধির বাইরের কর্মকাণ্ড<br>২. এসব কাজের মাধ্যমে কেউ মজুরি বা সম্মানী আশা করে না এবং কাজগুলো শখ হিসেবে অবসর সময়ে করা যায়<br>৩. কর্মক্ষেত্রের আগ্রহ বলতে বোঝঅয় এমন কাজ যা কেউ তার পেশার অংশ হিসেবে করে<br>৪. এসব কাজের একজন মানুষ বিশেষজ্ঞ হতে চায় এবং মজুরি বা সম্মানী আশা করে<br>৫. উদাহরণ– অনেকেই ঘরের বাইরে সময় কাটাতে আগ্রহী, কিন্তু সবাই ঘরের বাইরে কাজে আগ্রহী নন |



<table>
<tr><td>পদ্ধতি</td><td>আগ্রহ ও স্বাভাবিক ক্ষমতার মধ্যে পার্থক্য তুলে ধরুন :<br>১. আগ্রহ হলো এমন কর্মকাণ্ড, যা আমরা উপভোগ করি<br>২. স্বাভাবিক ক্ষমতা হলো এমন কর্মকাণ্ড, যাতে আমরা দক্ষ<br>৩. প্রদত্ত প্রশ্নগুলো শুধু আগ্রহের সঙ্গে সম্পর্কিত</td></tr>
<tr><td colspan="2">এখন রেটিংয়ের মানগুলো সঠিকভাবে ব্যাখ্যা করতে হবে। ১ = সবনিম্ন আগ্রহ, ৫ = সর্বোচ্চ আগ্রহ। কয়েকবার চেষ্টা করে নিশ্চিত করতে হবে, সবাই রেটিংয়ের মানগুলো বুঝতে পেরেছে। আগ্রহের বিষয়গুলো পড়ে নিন (সবগুলোই পড়ার চেষ্টা করুন যদি সময় পাওয়া যায়), প্রত্যেক বিষয়ের অর্থ আলোচনা করুন। ছাত্রদের বলুন যেন রেটিং ৩ খুব বেশি ব্যবহার না করে। কারণ এতে সঠিক চিত্র পাওয়া যায় না সব সময়।<br><br>এরপর অংশগ্রহণকারীদের যেসব নির্দেশনা দেবেন :<br>'তোমরা জানো, আগ্রহ বাইরের শক্তির কারণে প্রভাবিত হতে পারে। তোমার বন্ধুর জবাব তোমার নিজের জবাবকে বদলে দিতে পারে। তাই নিজের আগ্রহের বিষয়গুলো নিজেই ঠিক করতে হবে। কারও সঙ্গে আলোচনাকরা যাবে না। যদি কারও বুঝতে অসুবিধা হয়, তাহলে হাত তুললে আমরা আবার ব্যাখ্যা করব। প্রত্যেকটি বিষয় পড়তে হবে। ভালোভাবে চিন্তা করতে হবে যে এই আগ্রহ নিজের কর্মজীবনে কতুটুকু করতে চাও। ১ থেকে ৫ পর্যন্ত প্রত্যেকটি আগ্রহে রেটিং করো। মনে রাখবে, তুমি তোমার আগ্রহ পরিমাপ করছ, সক্ষমতা নয়।'<br><br>শিক্ষার্থীরা রেটিং দেওয়া শেষ করলে প্রত্যেক কর্মশক্তির জন্য মানগুলো আলাদাভাবে যোগ করতে হবে। এরপর অংশগ্রহণকারীরা ওয়ার্কশিটের নিচে 'তোমার আগ্রহের রেখাচিত্র' অংশে ফলাফল লিখবে।</td></tr>
<tr><td>কীভাবে শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর দিতে হবে</td><td>আমরা আগেই দেখেছি, আগ্রহ বাইরের যে কোনো শক্তি বা কারণে প্রভাবিত হয়। কোন নির্দিষ্ট কাজ নির্দিষ্ট পেশার সঙ্গে সম্পর্কিত, তা জেনে একজন শিক্ষার্থীর রেটিংয়ের ক্ষেত্রে প্রভাব পড়তে পারে। সে কারণে কোন ক্যারিয়ারের সঙ্গে কোন আগ্রহের সম্পর্ক আছে, তার উদাহরণ না দেওয়ার চেষ্টা করতে হবে।<br><br>আলাদাভাবে শিক্ষার্থীদের জবাব না দিয়ে ক্লাসের সবাইকে জবাব দেওয়ার চেষ্টা করুন।</td></tr>
<tr><td>স্কোরিং সিস্টেম</td><td>প্রত্যেক ভাগে সর্বোচ্চ মান ৬০ (৫ X ১২)</td></tr>
<tr><td>ব্যাখ্যা</td><td>উচ্চতর স্কোরগুলো প্রতিটি বিভাগে উচ্চ স্তরের আগ্রহ নির্দেশ দেয়। প্রত্যেক ভাগে সর্বোচ্চ মান ৬০ (৫ X ১২)। এই স্কোরের অর্থ ব্যাখ্যা করতে হবে। অনুশীলন শেষে অংশগ্রহণকারীরা বিভিন্ন কর্মশক্তির ক্ষেত্রে আগ্রহগুলো বর্ণনা করতে পারবে।</td></tr>
<tr><td colspan="2">প্রধান আগ্রহগুলো বাছাই<br>শিক্ষার্থীদের প্রধান আগ্রহগুলো বাছাই করতে হবে। তারা যেন ৬০টি আগ্রহের বিষয় থেকে ১০টি বেছে নেয়। এই ১০টি আগ্রহ তাদের ভবিষ্যৎ পেশার সঙ্গে সম্পর্কযুক্ত হওয়া চাই। শিক্ষার্থীদের নির্দেশনা দিতে হবে, প্রত্যেকটি বিভাগ থেকে অন্তত ১টি ও সর্বোচ্চ ৬টি বাছাই করতে হবে।<br><br>১০টি আগ্রহ বাছাই করার পর অংশগ্রহণকারীদের যেসব কাজ করতে হবে :<br>১. ওয়ার্কশিটের 'আমার প্রধান আগ্রহগুলো' অংশে বাছাইকৃত আগ্রহগুলো লিখতে হবে<br>২. একেকটি আগ্রহ কোন কোন কর্মশক্তির সঙ্গে সম্পর্কিত, তা চিহ্নিত করতে হবে</td></tr>
<tr><td>উপসংহার</td><td>শিক্ষার্থীদের মনে করিয়ে দিতে হবে আগ্রহগুলো কেবল একজন ব্যক্তির কর্মশক্তির একটি অংশ। পরবর্তী কাজে তাদের সক্ষমতা নিতে আলোচনা করা হবে।</td></tr>
</table>



# ০৭
# নিজের শক্তির খোঁজে : শক্তি ও সাফল্যের প্রশ্ন

| | |
|---|---|
| শিরোনাম | **ক্যারিয়ার উন্মোচনের পথ নিজের শক্তি খোঁজে : শক্তি ও সাফল্যের প্রশ্ন** |
| বিষয়বস্তু | সহায়তাকারীর প্রতি নোট<br><br>সক্ষমতার পরীক্ষাগুলো কারও প্রতিভা শনাক্ত করতে ডিজাইন করা মানসম্মত সাইকোমেট্রিক ডিভাইস। সক্ষমতা পরীক্ষার ফলাফল বৈধ ও নির্ভরযোগ্য হওয়া দরকার। তবে নির্দিষ্ট মানদণ্ড (পরীক্ষার বিকাশ, পরিচালনার পদ্ধতি, ব্যাখ্যার মান ইত্যাদি) পূরণ করাও জরুরি। এই বিভাগটি পরীক্ষা ও অন্যান্য সাইকোমেট্রিক পদ্ধতির বিষয়ে মনোযোগ দেবে না। বরং এখানে যেসব কর্মকাণ্ড প্রস্তাব করা হয়েছে, সেগুলো পর্যবেক্ষণ করবে। এগুলো বাস্তব জীবনে ক্যারিয়ার-আকাঙ্ক্ষা ও সাফল্যের বিষয়েই বেশি মনোযোগী। এটিকে বলা হয় শক্তি ও সাফল্যের প্রশ্ন (SAQ)। এটি একাধিক কর্মশক্তির তথ্যের ওপর ভিত্তি করে তৈরি করা। আমাদের গবেষণায় দেখা গেছে, এই প্রক্রিয়াটি সক্ষমতার পরীক্ষা হিসেবেও একই ফলাফল দেয়। |
| শিক্ষার উদ্দেশ্য | **এই অনুশীলনের শেষে শিক্ষার্থীরা অবশ্যই স্পষ্টভাবে যেসব বিষয় করতে সক্ষম হবে :**<br><br>• শক্তি ও সীমাবদ্ধতার ক্ষেত্রগুলো শনাক্ত করতে বাস্তব জীবনের অভিজ্ঞতা প্রয়োগ<br>• একাধিক কর্মশক্তির বিন্যাসে ব্যক্তিগত শক্তি বর্ণনা<br>• সাফল্য ও কৃতিত্ব কীভাবে কর্মশক্তির রেখাচিত্র তৈরি করে, তা বুঝতে পারা |
| টার্গেট গ্রুপ | পুরো দল (প্রত্যেক শিক্ষার্থী নিজে নিজে কাজ করবে) |
| সময় | ৬০ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br><br>১. ওয়ার্কশিট নিজের শক্তিমত্তার খোঁজে |
| পদ্ধতি | পরীক্ষার প্রশ্নপত্র বিতরণ করুন। 'সাফল্য' শব্দের অর্থ ব্যাখ্যা করুন। এটি এমন কিছু কাজ, যা কারও কয়েক স্তরের সফলতা নির্দেশ করে এবং সবাই সেটি খেয়ালও করেছে। (উদাহরণ : ক্লাসের ক্যাপ্টেন হওয়া, ট্যুরের আয়োজন করা, কিছু মেরামত করা ইত্যাদি)। |



**এখানে উল্লেখিত পয়েন্ট দিয়ে কাজ শুরু করুন :**

ক) প্রতিটি কর্মশক্তির বিভাগে ৮টি কাজের নাম দেওয়া হয়েছে। প্রতিটি কাজের পাশে রয়েছে ব্যাখ্যা। শিক্ষার্থীদের মনে করিয়ে দিন– 'আমার আগ্রহের রেখাচিত্রের' কার্যক্রমে একই রকম কর্মকাণ্ড ছিল।

খ) কাজের বিষয়গুলোর গিয়ে শিক্ষার্থীদের ব্যাখ্যা করুন।

গ) উল্লেখ করুন, প্রতিটি কাজের ৫ স্তরের সাফল্য দেওয়া হয়েছে। প্রতিটি স্তর আগের স্তরের চেয়ে বেশি। প্রতিটি স্তর সতর্কতার সঙ্গে উদাহরণ-সহ ব্যাখ্যা করুন।

ঘ) শিক্ষার্থীদের ৮টি কাজ পড়তে বলুন। এর মধ্যে ৬টি তারা নির্বাচন করবে কয়েকটি বিষয়ের ভিত্তিতে :

- যেসব কাজ তাদের ব্যক্তিগত জীবনে বিশেষ পরিচিত ও অতি সাধারণ
- যে কাজের জন্য তারা সবচেয়ে বেশি সাফল্যের স্তর পূরণ করতে সক্ষম

ঙ) প্রতিটি শিক্ষার্থী নির্বাচিত ৬টি কাজ বৃত্তাকার করবে

চ) শুধু ৬টি কাজের বিষয়ই বাছাই করতে হবে, কমও নয় বেশিও নয়

ছ) শিক্ষার্থীদের বাছাই করা প্রথম কাজটি পড়তে এবং প্রথম স্তরের সাফল্যের দিকে নজর দিতে বলুন (ব্যক্তিগত পর্যায়ে এই কাজের সঙ্গে জড়িত)। শিক্ষার্থীদের নির্দেশ দিন, যদি তার জন্য প্রযোজ্য হয়, তাহলে এই বাক্সে স্তর-১-এর নিচে টিকচিহ্ন দিতে হবে। কৃতিত্বের দ্বিতীয় স্তরটি পড়ুন। এটি কারও জন্য প্রযোজ্য হলে, টিকচিহ্ন দিতে গবে স্তর-২-এর নিচে। ৫টি স্তরের জন্য এই পদ্ধতি অনুসরণ করতে হবে।

জ) শিক্ষার্থীদের বলুন, তাদের যতগুলো অর্জন রয়েছে, তা অনুযায়ী সব স্তর চিহ্নিত করা যাবে। তবে সরাসরি সম্পর্কযুক্ত কাজের অভিজ্ঞতা না থাকলে স্তর ফাঁকা রাখতে হবে।

ঝ) শিক্ষার্থীদের বলুন, তারা যদি এমন সাফল্য স্তর চিহ্নিত করে যেটি সত্যি নয়, তাহলে চূড়ান্ত গণনা ভুল হবে এবং দিকনির্দেশনাও সঠিক হবে না।


নোট

ক) পুরো ক্লাস ঘুরে দেখুন, নিশ্চিত করুন যে অংশগ্রহণকারীরা ৬টি বিষয় নির্বাচন করেছে, বেশিও নয় কমও নয়।

খ) নিশ্চিত করুন, শিক্ষার্থীরা কৃতিত্বের মাত্রা ও তালিকার প্রতিটি কাজের অর্থ বোঝে।

গ) নিশ্চিত করুন, শিক্ষার্থীরা যে মাত্রার সাফল্য অর্জন করেছে কেবল সেটিই চিহ্নিত করেছে।

| | |
|---|---|
| উপসংহার | ক্লাসকে জানিয়ে দিন, তারা পরবর্তী ওয়ার্কশপে এইসব ওয়ার্কশিটের স্কোর গণনা করবে। |



# ০৮
# আমার কর্মশক্তির রেখাচিত্র

| | |
|---|---|
| শিরোনাম | **আমার কর্মশক্তির রেখাচিত্র** |
| বিষয়বস্তু | এই অধ্যায়ের কার্যক্রম শিক্ষার্থীদের কর্মশক্তির রেখাচিত্র তৈরিতে সাহায্য করবে |
| শিক্ষার উদ্দেশ্য | এই অধ্যায়ের কার্যক্রম সফলভাবে শেষ করার পর–<br>• শিক্ষার্থীরা ৩টি সর্বোচ্চ কর্মশক্তি নির্বাচন করতে পারবে<br>• শিক্ষার্থীরা নিজেদের কর্মশক্তি নিয়ে উপস্থাপন ও বর্ণনা করতে সক্ষম হবে |
| টার্গেট গ্রুপ | পুরো দল (৩০ জন শিক্ষার্থী বা একটি শাখা) |
| সময় | ৬০ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. ওয়ার্কশিট : শক্তি ও সাফল্যের প্রশ্ন (SAQ) (সম্পূর্ণ) – ৫ পৃষ্ঠা<br>২. ওয়ার্কশিট : আমার আগ্রহের রেখাচিত্র (সম্পূর্ণ) – ২ পৃষ্ঠা<br>৩. ওয়ার্কশিট : আমার কর্মশক্তির রেখাচিত্র<br>৪. ফ্লিপচার্ট : আমার কর্মশক্তির রেখাচিত্র – ৩টি শিট |
| পদ্ধতি | ব্যক্তিগত কর্মশক্তির রেখাচিত্র তৈরি করা।<br><br>শুরুতে শিক্ষার্থীদের বলতে হবে, তাদের ব্যক্তিগত আগ্রহের রেখাচিত্রের স্কোর, প্রধান আগ্রহের স্কোর, শক্তি ও সাফল্যের প্রশ্নের স্কোর এবং সেলফ রেটিংয়ের মাধ্যমে ব্যক্তিগত কর্মশক্তির রেখাচিত্র তৈরি করতে হবে।<br><br>**ধাপ ১. শক্তি ও সাফল্যের প্রশ্নের স্কোর যে উপায়ে করতে হবে :**<br><br>আমার কর্মশক্তির রেখাচিত্র-১ ফ্লিপচার্ট ব্যবহার করে শিক্ষার্থীদের দেখান, কীভাবে শক্তি ও সাফল্যের প্রশ্নের স্কোর করতে হবে।<br><br>সাফল্যের মাত্রার মূল্যায়ন হবে ১ থেকে ৫ পর্যন্ত। প্রথম কলাম (ব্যক্তিগত পর্যায়ে অংশগ্রহণের অভিজ্ঞতা) সাফল্যের মাত্রার সর্বনিম্ন মূল্যমান ১ নম্বর। এই বিষয়ের শেষ কলামের (আমার কাজ বাণিজ্যিকভাবে ব্যবহার হচ্ছে) ক্ষেত্রে সাফল্যের মাত্রার সর্বনিম্ন মূল্যমান ৫ নম্বর। এখন টিকচিহ্ন অনুযায়ী কলাম ১ = ১, কলাম ২ = ২, কলাম ৩ = ৩, কলাম ৪ = ৪ এবং কলাম ৫ = ৫ নম্বর পাবে।<br><br>একটি কার্যক্রমের সম্ভাব্য সর্বোচ্চ নম্বর হবে ১৫ = (১+ ২ + ৩ + ৪ + ৫)<br><br>একটি কর্মশক্তির সাফল্যের সর্বোচ্চ সম্ভাব্য নম্বর হবে ৯০= (১৫ X ৬)<br><br>প্রত্যেক কর্মশক্তির সাফল্যের টিকচিহ্নের ভিত্তিতে যোগ করতে হবে। প্রত্যেক কর্মশক্তির সাফল্যের জন্য আলাদা যোগফল বের করতে হবে।<br><br>এভাবে প্রত্যেক কর্মশক্তির সাফল্যের আলাদা যোগফল বের করতে হবে।<br><br>ভিন্ন ভিন্ন কর্মশক্তির সাফল্যের যোগফল নির্ণয় করার পর ওয়ার্কশিট (আমার কর্মশক্তির রেখাচিত্র) নিয়ে 'আমার অর্জন' শীর্ষক সারিতে নাম অনুযায়ী প্রত্যেক কর্মশক্তির জায়গাতে স্কোর বসাতে হবে।<br><br>সহায়তাকারীর বোঝার সুবিধার্থে পরের পৃষ্ঠায় উদাহরণ দেওয়া হলো। |



## ফ্যাসিলিটেটর'স নোটস

| | | | সাফল্যের মাত্রা | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ভাষাগত সাফল্য | | | আমি ব্যক্তিগত পর্যায়ে এই কর্মকাণ্ডে জড়িত | এই কর্মকাণ্ডে আমি স্কুলে ভালো নম্বর পেয়েছিলাম (৭০%-এর বেশি) অথবা স্কুল অনুষ্ঠানে বা প্রতিযোগিতায় অংশ নিয়েছিলাম অথবা অন্যদের লেখায় সহযোগিতা করি (দরখাস্ত লেখা বা অনুবাদ) | স্কুলে পুরস্কার পেয়েছিলাম অথবা আমার কাজ স্কুলে উপস্থাপনার জন্য নির্বাচিত হয়েছিল (যেমন– স্কুল ম্যাগাজিন) অথবা এই কর্মকাণ্ডের জন্য স্কুলে জনপ্রিয় ছিলাম | আমি স্কুলের বাইরে পুরস্কার পেয়েছিলাম (যেমন– সার্বজনীন প্রতিযোগিতা) অথবা আমার কাজ জনসমক্ষে উপস্থাপনের জন্য নির্বাচিত হয়েছিল (যেমন– সংবাদপত্র) | আমার সাফল্য উচ্চপর্যায়ে স্বীকৃত হয়েছিল (জেলা, বিভাগ, জাতীয়, আন্তর্জাতিক) অথবা এই কর্মকাণ্ডের মাধ্যমে উপার্জন করেছি (যেমন– লেখা বা অনুবাদে) |
| **প্রশ্ন** | **কর্মকাণ্ড** | **ব্যাখ্যা** | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | চিন্তাভাবনা ও ধারণাকে শব্দে রূপান্তর করা | আপনার ধারণা, চিন্তাভাবনা, অভিজ্ঞতাগুলো এমনভাবে লিখতে পারেন, যেটা পাঠক সমাদৃত হয়। আপনি প্রবন্ধ, নিবন্ধ, গল্প, কবিতা ও প্রতিবেদন লিখতে পারেন। | ✓ | ✓ | ✓ | ✓ | |
| ০২ | দলবদ্ধ লোকজনের সঙ্গে কথা বলা | আকর্ষণীয় ভঙ্গিতে কথা বলতে পারেন, যেটা সবাই শুনতে পছন্দ করে। সঠিক শব্দ ও বাক্য প্রয়োগের পাশাপাশি প্রাসঙ্গিক বিষয়েও কথা বলতে পারদর্শী। | ✓ | ✓ | | | |
| ০৩ | বিতর্ক ও আলোচনা | উত্থাপিত প্রশ্ন নিয়ে আলোচনা করতে পারা। কোনো একটি বিষয় প্রমাণ করতে নির্ভরযোগ্য তথ্যউপাত্ত দিয়ে বস্তুনিষ্ঠ বক্তব্য উপস্থাপন। | | | | | |
| ০৪ | অন্যদের প্রশিক্ষণ ও শেখানো | শিক্ষাদান, বক্তৃতা, নির্দেশনা ও যুক্তিখণ্ডনের মাধ্যমে অন্যদের শেখানো বা প্রশিক্ষণ। জ্ঞান ও প্রজ্ঞা প্রয়োগের মাধ্যমে অন্যদের দক্ষতা উন্নয়নে সাহায্য করা। | ✓ | | | | |
| ০৫ | ভাষার ব্যবহার | নতুন নতুন ভাষা শেখা, অনুবাদ, শব্দের অর্থ পরীক্ষা করা। নির্ভুল বানান ও সঠিক ব্যকরণ প্রয়োগে পারদর্শী। | ✓ | ✓ | | | |
| ০৬ | নাটক ও অভিনয় | আকর্ষণীয় ভঙ্গিতে সংলাপ উপস্থাপন এবং বাস্তবধর্মী ও বিশ্বাসযোগ্য আলেখ্য তৈরি করা। | ✓ | ✓ | ✓ | | |
| ০৭ | প্রতিবেদন লেখা | বাস্তব ঘটনার পুঙ্খানুপুঙ্খ বিবরণ এবং সংরক্ষণের জন্য ব্যবহার করা। | ✓ | | | | |
| ০৮ | অভিধান ব্যবহার | শব্দের অর্থ সন্ধান ও লিখিত উপাদানের যথার্থতা নিশ্চিত করতে অভিধান ব্যবহার। | | | | | |

**মোট ভাষাগত (১ X ৬) + (২ X ৪) + (৩ X ২) + (৪ X ১) + (৫ X ০) = ২৪**

## ফ্যাসিলিটেটর'স নোটস



| যৌক্তিক-বিশ্লেষণ সম্পর্কিত সাফল্য | | | সাফল্যের মাত্রা | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | আমি ব্যক্তিগত পর্যায়ে এই কর্মকাণ্ডে জড়িত | এই কর্মকাণ্ডে আমি স্কুলে ভালো নম্বর পেয়েছিলাম (৭০%-এর বেশি) অথবা স্কুল অনুষ্ঠানে বা প্রতিযোগিতায় অংশ নিয়েছিলাম অথবা অন্যদের লেখায় সহযোগিতা করি (দরখাস্ত লেখা বা অনুবাদ) | স্কুলে পুরস্কার পেয়েছিলাম অথবা আমার কাজ স্কুলে উপস্থাপনার জন্য নির্বাচিত হয়েছিল (যেমন– বিজ্ঞান মেলা বা প্রদর্শনী) অথবা এই কর্মকাণ্ডের মাধ্যমে অন্যদের উপকার করেছি | আমি স্কুলের বাইরে পুরস্কার পেয়েছিলাম (যেমন– সার্বজনীন প্রতিযোগিতা) অথবা আমার কাজ জনসমক্ষে উপস্থাপনের জন্য নির্বাচিত হয়েছিল (যেমন– সংবাদপত্র) | আমার সাফল্য উচ্চপর্যায়ে স্বীকৃত হয়েছিল (জেলা, বিভাগ, জাতীয়, আন্তর্জাতিক) অথ বা এই কর্মকাণ্ডের মাধ্যমে উপার্জন করেছি (যেমন– ডেটা এন্ট্রি বা শিক্ষাদান) |
| **প্রশ্ন** | **কর্মকাণ্ড** | **ব্যাখ্যা** | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | গাণিতিক দক্ষতার ব্যবহার | কোনো কাজ করতে বা বোঝাতে পাটিগণিত ও বীজগণিতের সূত্র প্রয়োগ, সংখ্যা ব্যবহার ও গণনা এবং গাণিতিক সূত্র প্রয়োগ করা। | ✓ | ✓ | | | |
| ০২ | বৈজ্ঞানিক দক্ষতার ব্যবহার | কিছু বোঝাতে বা করতে পদার্থবিজ্ঞান, রসায়ন বা জীববিজ্ঞানের সূত্র প্রয়োগ। মডেল তৈরি। সঠিক তথ্যউপাত্ত ব্যবহার করে নানা সমস্যা ও ধাঁধার সমাধান। বৈজ্ঞানিক তত্ত্ব প্রয়োগ। | ✓ | | | | |
| ০৩ | সম্পদ ব্যবস্থাপনা | সম্পদ যেমন– উপকরণ, প্রচেষ্টা, অন্যদের কাজ ইত্যাদির সর্বোচ্চ ব্যবহারের পরিকল্পনা করা, যাতে সর্বোচ্চ ফলাফল আসে। | ✓ | ✓ | ✓ | | |
| ০৪ | পরিকল্পনা ও ব্যবস্থাপনা | কাজগুলো এমনভাবে সাজানো যাতে সহজেই সম্পন্ন হয়। সেভাবেই কর্মপরিকল্পনা ও বাস্তবায়নের সময়সূচি প্রস্তুত করা। | ✓ | ✓ | ✓ | | |
| ০৫ | ব্যবসা পরিচালনা ও আর্থিক ব্যবস্থাপনা | পণ্য বেচাকেনার সঙ্গে সম্পৃক্ত কার্যক্রমে অংশ নেওয়া। অর্থ ব্যবহারের সর্বোত্তম পরিকল্পনা করা যাতে সেরা ফলাফলটি নিশ্চিত হয়। | ✓ | ✓ | | | |
| ০৬ | তথ্য সংগ্রহ ও সংগঠিত করা | কোনো সমস্যা বা কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা। বিস্তারিত বুঝতে বিশ্লেষণ করা। তথ্যগুলো যথাযথভাবে রাখা, যাতে অন্যরাও বুঝতে পারে। | | | | | |
| ০৭ | তথ্য বিশ্লেষণ ও সিদ্ধান্ত গ্রহণ | তথ্য বিশ্লেষণ করে কারণ ও প্রভাবগুলো সম্পর্কে সবাইকে অবহিত করা। | ✓ | ✓ | | | |
| ০৮ | দৈনন্দিন জীবনে বৈজ্ঞানিক সূত্র প্রয়োগ | প্রতিদিনের ঘটনাগুলো বোঝার জন্য গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও জীববিজ্ঞান থেকে ধারণা ও তত্ত্ব নেওয়া। | | | | | |

**মোট যৌক্তিক বিশ্লেষণ (১ X ৬) + (২ X ৫) + (৩ X ২) + (৪ X ০) + (৫ X ০) = ২২**



**ধাপ ২. এবার শিক্ষার্থীরা তাদের আগ্রহের স্কোর বসাবে।**

আমার কর্মশক্তির রেখাচিত্র-২ ফ্লিপচার্টটি ব্যবহার করে শিক্ষার্থীদের দেখান কীভাবে টেবিলে স্কোর বসাতে হবে।

শিক্ষার্থীদের নিম্নলিখিত উপায়ে নির্দেশনা দিন

- 'আমার কর্মশক্তির রেখাচিত্র'-এর দ্বিতীয় পৃষ্ঠায় দেখুন।
- প্রত্যেক কর্মশক্তির ঘরে প্রত্যেকের আগ্রহ অনুযায়ী যত স্কোর এসেছে তা লিখুন।

**ধাপ ৩. শিক্ষার্থীরা তাদের ১০টি প্রধান আগ্রহ নিম্নবর্ণিত উপায়ে স্কোরিং করবে।**

আমার কর্মশক্তির রেখাচিত্র-২ ফ্লিপচার্টটি ব্যবহার করে শিক্ষার্থীদের দেখান কীভাবে তাদের প্রধান আগ্রহের স্কোর বসাতে হবে। শিক্ষার্থীদের নিম্নলিখিত উপায়ে নির্দেশনা দিন

- 'আমার আগ্রহের রেখাচিত্র'-এর ওয়ার্কশিটের ২য় পৃষ্ঠা দেখুন। নিচের টেবিলে দেখুন যেখানে আপনি ১০টি গুরুত্বপূর্ণ আগ্রহ লিখেছেন।
- প্রত্যেক কর্মশক্তির জায়গায় কমপক্ষে ১টি ও সর্বোচ্চ ৬টি গুরুত্ব নির্বাচন করতে পেরেছেন।
- আপনি যে আগ্রহগুলো নির্বাচন করেছেন সেগুলো গণনা করুন।
- প্রত্যেক নির্বাচিত আগ্রহের জন্য ৭ নম্বর দিন।
- প্রত্যেক কর্মশক্তির আগ্রহের যোগফল বের করে 'আমার কর্মশক্তির রেখাচিত্র'-এর আমার প্রধান আগ্রহের সারিতে লিখুন।


এখানে সহায়তাকারীর জন্য একটি উদাহরণ দেওয়া হলো

**সালমার প্রধান আগ্রহগুলো**

| | **প্রধান আগ্রহ** | **কর্মশক্তি** |
|---|---|---|
| ০১ | অন্যকে শেখানো ও প্রশিক্ষণ প্রদান | ভাষাগত |
| ০২ | যোগাযোগের ক্ষেত্রে ভাষার ব্যবহার | ভাষাগত |
| ০৩ | সমস্যা সমাধানের জন্য কারণ ও যুক্তির ব্যবহার | যৌক্তিক বিশ্লেষণ |
| ০৪ | গাণিতিক দক্ষতার ব্যবহার | যৌক্তিক বিশ্লেষণ |
| ০৫ | তথ্য বিশ্লেষণ করে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ | যৌক্তিক বিশ্লেষণ |
| ০৬ | তথ্য বিশ্লেষণ | যৌক্তিক বিশ্লেষণ |
| ০৭ | নিজের ধারণা ব্যবহার করে নতুন পণ্য তৈরি | শৈল্পিক |
| ০৮ | সামাজিকভাবে অনেক জনগণের সঙ্গে যোগাযোগ | মানবিক |
| ০৯ | মেশিন ও যন্ত্রপাতি দিয়ে কাজ করা | শারীরিক যান্ত্রিক |
| ১০ | পদার্থবিজ্ঞানের প্রয়োগ করে মেশিন কীভাবে কাজ করে তা বোঝা | শারীরিক যান্ত্রিক |

**সালমার প্রধান আগ্রহের স্কোর-গণনা**

| | ভা | যৌ | শৈ | মা | শা |
|---|---|---|---|---|---|
| নির্বাচিত কর্মকাণ্ডের সংখ্যা | ২ | ৪ | ১ | ১ | ২ |
| স্কোর (কর্মকাণ্ডের সংখ্যা X ৭) | ১৪ | ২৮ | ৭ | ৭ | ১৪ |



**ধাপ ৪. শিক্ষার্থীরা তাদের নিজেদের রেটিং করবে।**

আমার কর্মশক্তির রেখাচিত্র-৩ ফ্লিপচার্ট ব্যবহার করে শিক্ষার্থীদের দেখান, কীভাবে নিজেদের রেটিং করতে হবে। নিম্নলিখিত উপায়ে নির্দেশনা দিন

- এখানে তোমাকে প্রত্যেক কর্মশক্তিতে নিজেকে স্কোর দেওয়ার সুযোগ
- প্রত্যেক কর্মশক্তিতে নিজেকে ১ থেকে ৮ নম্বর দেওয়া যাবে
- এই রেটিংয়ে ১ সর্বনিম্ন এবং ৮ সর্বোচ্চ
- সততার সঙ্গে নিজেকে মূল্যায়ন করতে হবে। আপনি হয়তো কোনো কর্মশক্তিতে ভালো নন বা আগ্রহও কম, সে ক্ষেত্রে সর্বনিম্ন নম্বর দিতে হবে। যে কর্মশক্তিকে সবচেয়ে ভালো বা আগ্রহী বেশি, সেসব ক্ষেত্রে সর্বোচ্চ ৮ নম্বর দেওয়া যাবে। পুরো বিষয়টিই আপনার নিজের ওপর নির্ভর করছে।
- এবার সরাসরি 'আমার কর্মশক্তির রেখাচিত্র'-এ গিয়ে সেলফ রেটিংয়ের অংশে প্রত্যেক কর্মশক্তির বিপরীতে আপনার স্কোর বসিয়ে ফেলুন।

**ধাপ ৫. শিক্ষার্থীরা স্কোর যোগ করে ফলাফল বের করবে।**

আমার কর্মশক্তির রেখাচিত্র-৩ ফ্লিপচার্ট ব্যবহার করে শিক্ষার্থীদের দেখান, কীভাবে কর্মশক্তির রেখাচিত্র তৈরি করতে হবে। নিম্নলিখিত উপায়ে নির্দেশনা দিন

- প্রত্যেক কর্মশক্তি আলাদাভাবে যোগ করতে হবে
- প্রাপ্ত যোগফল ২ দিয়ে ভাগ করে চূড়ান্ত স্কোর পাওয়া যাবে
- ফলাফল ভগ্নাংশ এলে, ভগ্নাংশ-পরবর্তী বড় সংখ্যাটি নিয়ে পূর্ণ সংখ্যা হিসাব করতে হবে
- এখন আপনার কর্মশক্তির রেখাচিত্র তৈরি হলো
- এই প্রোফাইলটি গ্রাফের মাধ্যমে উপস্থাপন করতে হবে
- এই তালিকা থেকে সর্বোচ্চ গুরুত্বপূর্ণ ৩টি এরিয়া সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে নির্ধারণ করতে হবে, যা ভবিষ্যতে ক্যারিয়ার তৈরিতে সহায়ক হবে

**কর্মশক্তির রেখাচিত্রের উদাহরণ**

| মূল্যায়নের পন্থা | ভা | যৌ | শৈ | মা | শা |
|---|---|---|---|---|---|
| সাফল্য (সর্বোচ্চ নম্বর ৯০) | ৪৬ | ৬ | ২৯ | ৩২ | ৩৮ |
| আগ্রহের রেখাচিত্র (সর্বোচ্চ নম্বর ৬০) | ২৪ | ৫১ | ১৮ | ২২ | ২৪ |
| প্রধান আগ্রহ (সর্বোচ্চ নম্বর ৪২) | ১৪ | ২৮ | ৭ | ৭ | ১৪ |
| সেলফ রেটিং (সর্বোচ্চ নম্বর ৮) | ৩ | ৭ | ৩ | ৪ | ৫ |
| মোট নম্বর | ৮৭ | ১৪৯ | ৫৭ | ৬৫ | ৮২ |
| চূড়ান্ত স্কোর | ৪৪ | ৭৫ | ২৯ | ৩৩ | ৪১ |

| | |
|---|---|
| উপসংহার | কর্মশক্তির যে রেখাচিত্র পাওয়া গেল, তা শিক্ষার্থীদের ভালোভাবে বুঝিয়ে দিতে হবে। শিক্ষার্থীদের জানাতে হবে এই প্রশিক্ষণ কার্যক্রমে আবার 'আমার কর্মশক্তির রেখাচিত্র' প্রয়োজন হবে।<br>এই অনুশীলনটি নিজেকে বোঝা কার্যক্রমের সর্বশেষ অনুশীলন। |



# ০৯ কাজ... চাকরি... ক্যারিয়ার...

| | |
|---|---|
| শিরোনাম | **কাজ... চাকরি... ক্যারিয়ার...** |
| বিষয়বস্তু | সহায়তাকারীর প্রতি নোট<br>অর্থনৈতিকভাবে পিছিয়ে থাকা শিক্ষার্থীরা প্রশিক্ষণ ও যোগ্যতার চেয়ে চাকরির বিষয়েও জোর দিয়ে থাকে। দীর্ঘমেয়াদি ক্যারিয়ার বিকাশের সম্ভাবনা বিবেচনায় না নিয়ে চাকরি শুরু করাটা স্বাভাবিক, কারণ এতে শুরু থেকেই বেতন পাওয়া যায়।<br>একটি ক্যারিয়ার একটি বিস্তৃত যোগ্যতার ওপর ভিত্তি করে গড়ে ওঠে এবং নানাবিধ কাজ নিয়ে তৈরি হয়। এই কার্যক্রম কাজ, চাকরি এবং ক্যারিয়ারের পার্থক্য বোঝার জন্য ডিজাইন করা হয়েছে। এই অনুশীলনের আরও লক্ষ্য হচ্ছে শিক্ষার্থীরা বুঝতে পারবে একটি ক্যারিয়ার অনেকগুলো চাকরির সমন্বয়ে তৈরি হয়। তাই তাকে কেবল চাকরির জন্য নয়, ক্যারিয়ারের জন্য তৈরি হতে হবে। |
| শিক্ষার উদ্দেশ্য | **এই অনুশীলন শেষে শিক্ষার্থীরা অবশ্যই স্পষ্টভাবে নিচের বিষয়গুলো ব্যাখ্যা করতে পারবে :**<br>কাজ, চাকরি ও ক্যারিয়ারের মধ্যে পার্থক্য<br>একটি ক্যারিয়ার অনেকগুলো চাকরির সমন্বয়ে গঠিত<br>শুধু চাকরি নয়, ক্যারিয়ারের জন্য প্রস্তুত হতে হবে<br>একটি ক্যারিয়ার একজনের উপযুক্ততার ওপর নির্ভর করে<br>ক্যারিয়ার গঠনের মাধ্যমে একজন তার কর্মশক্তি বুঝতে পারে ও সমাজের সেবা করতে পারে |
| টার্গেট গ্রুপ | পুরো দল (৩০ জন শিক্ষার্থী বা একটি শাখা) |
| সময় | ৩০ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. ওয়ার্কশিট : কাজ... চাকরি... ক্যারিয়ার...<br>২. ফ্লিপচার্ট : কাজ... চাকরি... ক্যারিয়ার... |



| | |
|---|---|
| পদ্ধতি | ওয়ার্কশিটটি সবার মধ্যে বিতরণ করুন। ফ্লিপচার্টের প্রথম অংশ ব্যবহার করে কাজ, চাকরি ও ক্যারিয়ারের পার্থক্য আলোচনা করুন। তারপর ওয়ার্কশিটের ৩টি অংশ আলোচনা করুন। পার্থক্যটা কী? একটি ক্যারিয়ার অনেকগুলো চাকরি এবং শুধু চাকরির জন্য নয় ক্যারিয়ারের জন্য পরিকল্পনা করুন। বিষয়গুলো নিয়ে আলোচনা করুন এবং শূন্যস্থানগুলো পূরণ করান।<br><br>**উত্তরপত্র :**<br><br>পার্থক্যগুলো কী কী?<br><br>• কাজ এমন একটি **বিষয়**, যেখানে আমরা শক্তি ব্যয় করি<br>• একটি চাকরি **জীবিকা অর্জনের** সুযোগ<br>• একটি চাকরি আমার জন্য উপযুক্ত হতে বা **নাও হতে** পারে<br>• একটি ক্যারিয়ার আমার **প্রতিভা ও কর্মশক্তির** প্রসার<br><br>একটি ক্যারিয়ার... অনেকগুলো চাকরি<br><br>• একটি ক্যারিয়ার একটি চাকরি **নয়**<br>• একটি শক্তিশালী ক্যারিয়ার **অনেকগুলো** চাকরির সমন্বয়ে গঠিত<br>• আপনার চাকরি আপনার ক্যারিয়ার **বিকাশে সহায়তা** না করলেও, আপনার যোগ্যতা করে<br>• ক্যারিয়ার আপনার কর্মশক্তি **বুঝতে ও সমাজের** সেবা করতে সহয়তা করে<br>• তাই সাফল্য আসে যদি আপনি আপনার **উপযুক্ত** একটি ক্যারিয়ার বাছাই করুন<br><br>ক্যারিয়ারের জন্য পরিকল্পনা করুন, চাকরির জন্য নয়<br><br>• নিজের **কর্মশক্তি ও দক্ষতাগুলো** খুঁজে বের করুন<br>• আপনার **কর্মশক্তি ও দক্ষতা অনুযায়ী** লেখাপড়ার কোর্স বাছাই করুন<br>• সেই **কোর্স** আপনাকে কোন **ক্যারিয়ারের** দিকে নিয়ে যায়, তা বের করুন<br>• **চাকরির** একটি তালিকা তৈরি করুন, যা **আপনার ক্যারিয়ার,** যে কোর্স করছেন তার সঙ্গে সম্পর্কিত<br>• প্রশিক্ষণ **শেষ** করার পর **প্রশিক্ষণ** সম্পৃক্ত চাকরি  খুঁজুন<br>• **অন্য যে কোনো** চাকরির চেয়ে আপনার **প্রশিক্ষণ** সম্পর্কিত চাকরি নেওয়াই শ্রেয়<br>• আপনাকে **উচ্চতর** যোগ্যতা এনে দেবে, এমন **কোর্সের** সন্ধান করুন<br>• ক্যারিয়ারের বিকাশের জন্য, শিক্ষার সঙ্গে **কাজের সংমিশ্রণ** করুন |
| উপসংহার | 'ক্যারিয়ারের জন্য পরিকল্পনা করুন, শুধু চাকরির জন্য নয়' সেই আলোকে এক বা দুইজন শিক্ষার্থীকে মন্তব্য করতে বলুন। শিক্ষার উদ্দেশ্যগুলো আরেকবার তুলে ধরে শেষ করুন। |



# ১০
# কোর্স ও ক্যারিয়ার

| শিরোনাম | **কোর্স ও ক্যারিয়ার** |
|---|---|
| বিষয়বস্তু | সহায়তাকারীর প্রতি নোট<br><br>এই ক্যারিয়ার গাইডেন্স কর্মসূচি মূলত শিক্ষার্থীদের বৃত্তিমূলক প্রশিক্ষণের নানা সম্ভাবনা তুলে ধরার উদ্দেশ্যে বানানো হয়েছে। তবে এই অনুশীলনগুলো বৃত্তিমূলক প্রশিক্ষণের বিষয়ে খুব বেশি পক্ষপাতও দেখাবে না। এই অনুশীলন বিশ্ববিদ্যালয় ও বৃত্তিমূলক প্রশিক্ষণ দুটো বিষয় তুলে ধরার জন্যই তৈরি করা হয়েছে। |
| শিক্ষার উদ্দেশ্য | **এই অনুশীলন শেষে শিক্ষার্থীরা স্পষ্টভাবে যেসব বিষয় জানতে পারবে :**<br><br>• কীভাবে শিক্ষাগত ও পেশাগত উন্নয়ন একসঙ্গে হয়, তা ব্যাখ্যা করতে পারবে<br>• উচ্চতর যোগ্যতা সবার জীবনেই জরুরি<br>• দুই রকম শিক্ষাগত যোগ্যতা রয়েছে, একটি হচ্ছে বিশ্ববিদ্যালয় এবং আরেকটি বৃত্তিমূলক প্রশিক্ষণ<br>• বিশ্ববিদ্যালয় ও বৃত্তিমূলক প্রশিক্ষণের পার্থক্য বুঝতে পারবে |
| টার্গেট গ্রুপ | পুরো দল (৩০ জন শিক্ষার্থী বা একটি শাখা) |
| সময় | ৩০ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br><br>১. ওয়ার্কশিট : কোর্স ও ক্যারিয়ার<br><br>২. ফ্লিপচার্ট : কোর্স ও ক্যারিয়ার |



**পদ্ধতি**

বিশ্ববিদ্যালয় ও ভোকেশনাল শিক্ষার নানা বিষয় নিয়ে আলোচনা শুরু করুন। খেয়াল রাখুন, আপনি ভোকেশনাল কোর্সের বিষয়ে পক্ষপাত করছেন না। গুরুত্ব দিয়ে বলুন, পছন্দ হওয়া উচিত প্রয়োজন ও কর্মশক্তির আলোকে, প্রতিপত্তি বা মর্যাদার জন্য নয়। শিক্ষার্থীদের মধ্যে শিক্ষা ও পেশার জীবনব্যাপী বিকাশের বিষয়টি উল্লেখ করুন। বিভিন্ন টার্ম যেমন যোগ্যতা, NTVQF, চাকরিতে প্রশিক্ষণ ও দ্রুত উপার্জন।

**উত্তরপত্র :**

- একটি ক্যারিয়ারের পথ দুটো প্রধান অংশ নিয়ে গঠিত : **শিক্ষাগত বিকাশ** ও **পেশাগত বিকাশ**
- একজন ব্যক্তির পেশাগত **উন্নয়ন** ভালো হবে না উপযুক্ত **যোগ্যতা** ছাড়া
- একজন ব্যক্তির কর্মবিশ্বের চাহিদা অনুযায়ী একজন ব্যক্তির **সারা জীবনব্যাপী** যোগ্যতা প্রয়োজন, যদি শিক্ষা বন্ধ হয় পেশাগত **বিকাশও মন্থর** হয়ে পড়ে বা একেবারে বন্ধ হয়
- দুই ধরনের যোগ্যতা রয়েছে, একটি **বিশ্ববিদ্যালয়ের** যোগ্যতা এবং অন্যটি **বৃত্তিমূলক প্রশিক্ষণের** যোগ্যতা

**বিশ্ববিদ্যালয় ও বৃত্তিমূলক প্রশিক্ষণের পার্থক্য**

| **বৃত্তিমূলক প্রশিক্ষণ** | **বিশ্ববিদ্যালয়** |
|---|---|
| ১. সার্টিফিকেট | ১. ডিগ্রি |
| ২. ডিপ্লোমা | ২. কেবল উচ্চশিক্ষিতদের চাহিদা |
| ৩. দ্রুত উপার্জন | ৩. উচ্চ বেতনের শুরু |
| ৪. যাদের দ্রুত উপার্জন দরকার তাদের জন্য ভালো | ৪. লম্বা সময় ধরে পড়ালেখা |
| ৫. উচ্চ চাহিদা | ৫. এইচএসসির পর শুরু |
| ৬. আন্তর্জাতিকভাবে স্বীকৃত | |
| ৭. কম একাডেমিক কার্যক্রম | |
| ৮. কম বেতনে শুরু | |
| ৯. বেশি ব্যবহারিক | |
| ১০. NTVQF | |
| ১১. চাকরিতে প্রশিক্ষণ | |
| ১২. কাজ + লেখাপড়া | |

- বিশ্ববিদ্যালয় ও বৃত্তিমূলক প্রশিক্ষণ **দুটোরই** মূল্য রয়েছে। এই মূল্য আসে **ছাত্রদের প্রয়োজনের** ওপর ভিত্তি করে।
- **ব্যবহারিক** বিষয়ে যারা আগ্রহী তারা বৃত্তিমূলক শিক্ষায় ভালো করবে এবং যারা **তত্ত্বগত** বিষয়ে আগ্রহী, তারা বিশ্ববিদ্যালয়ে।
- ক্যারিয়ারের সাফল্যের জন্য **জীবনব্যাপী** শিক্ষার প্রয়োজন। তাই যারা **ভোকেশনালে** পড়ে, তারাও বিশ্ববিদ্যালয়ে পড়তে পারবেন। যেসব শিক্ষার্থীর বিশ্ববিদ্যালয়ের **ডিগ্রি** আছে, তাদেরও **বৃত্তিমূলক প্রশিক্ষণ** লাগতে পারে।

**উপসংহার**

কয়েকজন শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় ও বৃত্তিমূলক প্রশিক্ষণ নিয়ে মন্তব্য করতে বলুন। এই অনুশীলনের উদ্দেশ্যগুলো তুলে ধরুন এবং শেষ করুন।



# ১১
# শিক্ষার মাইলফলক


| | |
|---|---|
| শিরোনাম | **শিক্ষার মাইলফলক** |
| বিষয়বস্তু | প্রত্যেক দেশের নিজস্ব শিক্ষাব্যবস্থা রয়েছে। কেউ যদি চাকরির জন্য যোগ্য হতে চায়, তাহলে তাকে বিধিসম্মতভাবে সে দেশের প্রচলিত আইন ও নিয়ম অনুযায়ী যোগ্যতা অর্জন করতে হয়। এই ব্যবস্থার মাধ্যমে সাফল্যের সঙ্গে যোগ্যতা অর্জন করতে না পারলে, সে কর্মবিশ্বে যোগ্য কর্মী হতে পারে না। শিক্ষার্থীদের বড় একটি অংশ দেশের শিক্ষা ব্যবস্থার বিভিন্ন ধারা সম্পর্কে সচেতন না। তারা নির্দিষ্ট শিক্ষাক্রম না বুঝেই পূর্বধারণা, পরিবার বা আশেপাশের মানুষের কাছ থেকে শুনে পেশা বেছে নেয়। এই অনুচ্ছেদে দেশের বিভিন্ন শিক্ষার মাইলফলক দেখানো হয়েছে। যেখানে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা থেকে কীভাবে পেশায় ঢোকা যায়। ডায়াগ্রামের মাধ্যমে কারিগরি ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষা দুটোরই ধারাবাহিকতা দেখানো হয়েছে। |
| শিক্ষার উদ্দেশ্য | **এই অনুশীলনের শেষে শিক্ষার্থীরা অবশ্যই স্পষ্টভাবে যেসব বিষয় জানতে পারবে :**<br>● বাংলাদেশের বিভিন্ন শিক্ষা ব্যবস্থার পর্যায়ক্রম<br>● বিভিন্ন পেশার যোগ্যতার পার্থক্য বুঝতে পারবে |
| টার্গেট গ্রুপ | পুরো দল (৩০ জন শিক্ষার্থী বা একটি শাখা) |
| সময় | ৪৫ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. ওয়ার্কশিট : শিক্ষার মাইলফলক (২ পৃষ্ঠা)<br>২. ফ্লিপচার্ট : শিক্ষার মাইলফলক |
| পদ্ধতি | এই অনুশীলন কুইজ পদ্ধতিতে সম্পন্ন করতে হবে। শিক্ষার্থীদের বলতে হবে, তারা বাংলাদেশের শিক্ষার মাইলফলকগুলো শিখতে যাচ্ছে। শিক্ষার মাইলফলকের ওয়ার্কশিটটি বিতরণ করুন। ফ্লিপচার্ট ও ওয়ার্কশিটের প্রথম পৃষ্ঠার ডায়াগ্রামের মাধ্যমে চিত্র প্রদর্শন করে প্রতিটি মাইলফলক নিয়ে আলোচনা করুন। নিম্নলিখিত বিষয়গুলো আলোচনার মাধ্যমে তুলে ধরুন।<br>১. প্রত্যেক মাইলফলকের অর্থ কী?<br>২. প্রত্যেক মাইলফলক শেষে পেশার সম্ভাব্যতা কী?<br>৩. প্রত্যেক পেশার জন্য বিশ্ববিদ্যালয় ডিগ্রি প্রয়োজন নেই।<br>৪. বৃত্তিমূলক শিক্ষার মূল্য<br>৫. ভোকেশনাল/কারিগরি শিক্ষার পর কীভাবে বিশ্ববিদ্যালয় শিক্ষায় ঢুকতে হবে।<br><br>প্রত্যেক স্তর ব্যাখ্যা করার পর ওয়ার্কশিটের প্রথম পৃষ্ঠায় ফাঁকা ডায়াগ্রাম চিত্র ভরাট করবে। আপনি যা শিখিয়েছেন, তা যাচাই করার জন্য, দ্বিতীয় পৃষ্ঠায় কুইজ উত্তর দিতে হবে। |

কুইজের উত্তর

| প্রশ্ন নং | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ক | ক | গ | খ | ঘ | গ | খ | ক | খ | |


১০। আবদুলের প্রতি আপনার পরামর্শ কী?

বিশ্ববিদ্যালয়ের ডিগ্রিতে পৌঁছানোর জন্য শিক্ষার্থী যে পদক্ষেপ নিতে পারে, তার সব তথ্য উত্তরে থাকা উচিত।



# ১২
# সংযোগ স্থাপন

| | |
|---|---|
| শিরোনাম | **সংযোগ স্থাপন** |
| বিষয়বস্তু | শিক্ষার্থীদের জন্য ক্যারিয়ারের পাশাপাশি এর দায়িত্ব ও কর্তব্য সম্পর্কেও বিস্তারিত জানা গুরুত্বপূর্ণ। ক্যারিয়ারের নাম, সংজ্ঞা, কাজ ও মূল ক্ষেত্র বিষয়ে তথ্য আহরণের দক্ষতা অর্জনে সহায়তা করাই এই কার্যক্রমের মূল লক্ষ্য। |
| শিক্ষার উদ্দেশ্য | **এই অনুশীলনের শেষে শিক্ষার্থীরা অবশ্যই স্পষ্টভাবে যেসব বিষয় জানতে পারবে :**<br>● ক্যারিয়ারের নামের সঙ্গে সংজ্ঞার সংযোগ তৈরি<br>● একটি ক্যারিয়ারকে সঠিকভাবে বর্ণনা<br>● ক্যারিয়ারের কাজগুলো নির্ধারণ<br>● একটি ক্যারিয়ারের জন্য প্রয়োজনীয় কর্মশক্তির সংযুক্তি<br>● ক্যারিয়ারের পথে সঠিকভাবে পরিচালিত করবে, এমন কোর্স করার যোগ্যতা সম্পর্কে জানা<br>● ক্যারিয়ারের বিভিন্ন পথ সম্পর্কে জানা |
| টার্গেট গ্রুপ | পুরো দল ৫টি ছোট দলে বিভক্ত হবে। |
| সময় | ভূমিকা ও দল গঠন : ১০ মিনিট<br>ছোট দলীয় কাজ : ১০ মিনিট<br>উপস্থাপনা : ৩০ মিনিট (৫ মিনিট করে প্রতি গ্রুপ)<br>ক্যারিয়ারের জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ : ২০ মিনিট<br>সর্বমোট : ৭০ মিনিট |
| দলের সংখ্যা | ছোট দল ৫ থেকে ৬ জন সর্বোচ্চ ১০ জন। পুরো গ্রুপ ৩০ জন বা ১টি বিভাগ। |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. লার্নিং কার্ড : সংযোগ স্থাপন ৫টি<br>২. ক্যারিয়ার ইনফরমেশন কার্ড অথবা ক্যারিয়ার অভিধান : প্রত্যেক শিক্ষার্থীর জন্য ১টি<br>৩. ওয়ার্কশিট : আমার ক্যারিয়ারের রাস্তা সম্পর্কে আমার কী জানা উচিত |
| পদ্ধতি | ধাপ ১. পুরো দলকে নিম্নলিখিত উপায়ে দিকনির্দেশনা দিতে হবে।<br><br>সবাইকে একটি করে লার্নিং কার্ড দেওয়া হবে। একটি কার্ডে একটি ক্যারিয়ারের বর্ণনা। সবাই মন দিয়ে পড়বে, তারপর একটি ধাঁধা তৈরি করবে ক্যারিয়ার নিয়ে। কাজ শেষ করতে হবে ১০ মিনিটের মধ্যে। এরপর প্রতিটি দল নিজেদের ক্যারিয়ারের ধাঁধা উপস্থাপন করবে। লার্নিং কার্ড থেকে ক্যারিয়ার বিষয়ক তথ্য উপস্থাপন করতে হবে। এরপর অন্য দলগুলো ক্যারিয়ারের মূল ৫টি বিষয়ে তথ্য দেবে, যেমন– ক্যারিয়ারের নাম, সংজ্ঞা, কার্যক্রম, নানা দিক ও প্রয়োজনীয় যোগ্যতা।<br><br>ছোট দলের কাজের জন্য ১০ মিনিট নির্ধারণ করা থাকবে। তারপর প্রত্যেক দলকে তাদের ক্যারিয়ারের ধাঁধা ব্লাক-বোর্ডে লিখে ও পড়ে শুনিয়ে উপস্থাপন করতে হবে। অন্য দলগুলোকে এই ধাঁধার সমাধান করতে হবে। এরপর তাদের লার্নিং কার্ডটি উপস্থাপনের জন্য পরিচালক প্রত্যেক দলকে একে একে আমন্ত্রণ জানাবেন।<br><br>ধাপ ২. উপস্থাপনা শেষে প্রত্যেক শিক্ষার্থীকে ক্যারিয়ার ইনফরমেশন কার্ড ও ওয়ার্কশিট 'আমার ক্যারিয়ার সম্পর্কে আমার কী জানা উচিত?' দিন। শিক্ষার্থীরা ক্যারিয়ার ইনফরমেশন কার্ড মন দিয়ে পড়বে এবং প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে ওয়ার্কশিট পূরণ করবে। ২/১ জন শিক্ষার্থীকে তাদের ওয়ার্কশিট উপস্থাপনের জন্য বলুন। |
| উপসংহার | সঠিক ক্যারিয়ার পরিকল্পনার জন্য প্রয়োজন আমাদের বিভিন্ন উৎস থেকে তথ্য সংগ্রহ করা, এ বিষয়ে কিছু কথা বলে শেষ করুন। |



# ১৩
# আমার পছন্দের ক্যারিয়ার

| | |
|---|---|
| শিরোনাম | **আমার পছন্দের ক্যারিয়ারগুলো** |
| বিষয়বস্তু | এই কার্যক্রম শিক্ষার্থীদের ক্যারিয়ার নির্বাচনে সহায়তা করবে. যা তাদের কর্মশক্তির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। |
| শিক্ষার উদ্দেশ্য | এই অনুশীলন শেষে শিক্ষার্থীরা অবশ্যই স্পষ্টভাবে যেসব বিষয় জানতে পারবে :<br>● ৩টি সর্বোচ্চ কর্মশক্তি নির্বাচন করতে পারবে<br>● নিজের উপযোগী ৩-৫টি বৃত্তি তালিকাভুক্ত করতে পারবে |
| টার্গেট গ্রুপ | পুরো দল (৩০ জন শিক্ষার্থী বা একটি শাখা) |
| **টার্গেট গ্রুপ এমন শিক্ষার্থীও হতে পারে, যারা এখনও কোনো কোর্স ঠিক করেনি অথবা যারা নির্বাচিত কোর্স নিয়ে পড়াশোনা করছে। ভিন্ন গ্রুপের জন্য নির্দেশনাও কিন্তু ভিন্নই হবে।** | |
| সময় | ৬০ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. ওয়ার্কশিট : আমার কর্মশক্তির রেখাচিত্র (এরই মধ্যে সম্পন্ন)<br>২. ক. ওয়ার্কশিট : আমার বিকল্প ক্যারিয়ারগুলো (নতুন শিক্ষার্থীদের জন্য) অথবা<br>২. খ. ওয়ার্কশিট : আমার কোর্স আমার ক্যারিয়ার (কোর্স শিক্ষার্থীদের জন্য)<br>৩. ক্যারিয়ার অভিধান : প্রতি ছাত্রের জন্য ১টি অথবা প্রতি ২ জনের জন্য ১টি<br>৪. ফ্লিপচার্ট : আমার কোর্স আমার ক্যারিয়ার<br>৫. ক্যারিয়ার ইনফরমেশন কার্ড |
| পদ্ধতি (নতুন শিক্ষার্থীদের জন্য) | ওয়ার্কশিট : আমার বিকল্প ক্যারিয়ার (নতুন শিক্ষার্থীদের জন্য) ব্যবহার করুন।<br>বিকল্প ক্যারিয়ারের অর্থ ব্যাখ্যা করুন ও নিচের বিষয়গুলো মনে করিয়ে দিন।<br>● কর্মশক্তির সংজ্ঞা<br>● ৫টি কর্মশক্তি<br>● কীভাবে কর্মশক্তির রেখাচিত্র তৈরি করা হয়েছিল<br><br>১ জন বা ২ জন শিক্ষার্থীকে তাদের কর্মশক্তির রেখাচিত্র উপস্থাপন করতে বলুন।<br>প্রত্যেক শিক্ষার্থীকে 'আমার আগ্রহের রেখাচিত্র' ওয়ার্কশিটে তাদের সর্বোচ্চ ৩টি কর্মশক্তিকে বৃত্তাকার করতে বলুন। শিক্ষার্থীদের<br>সুযোগ দিন মনে করার ও তাদের কর্মশক্তি বিষয়ক মন্তব্য করার।<br><br>শিক্ষার্থীরা তাদের ৩টি কর্মশক্তি ক্যারিয়ার অভিধানের সঙ্গে মিলিয়ে দেখবে।<br>ওয়ার্কশিট 'আমার বিকল্প ক্যারিয়ার' এবং ক্যারিয়ার অভিধান বিতরণ করে দিন। অংশগ্রহণকারীদের কয়েকটি ধাপ অনুসরণ করতে বলুন।<br><br>ধাপ ১. শিক্ষার্থীরা কর্মবিশ্ব সম্পর্কে বিস্তারিত জানবে এবং কর্মশক্তিকে বিভিন্ন ক্যারিয়ার বিকল্পের সঙ্গে যুক্ত করতে পারবে।<br>● নিজের ওয়ার্কশিট 'আমার বিকল্প ক্যারিয়ারগুলো' দেখুন।<br>● আপনার কর্মশক্তির রেখাচিত্র থেকে কর্মশক্তির তথ্য ব্যবহার করুন। আপনার সবচেয়ে শক্তিশালী বা দুর্বল কর্মশক্তিগুলো কী?<br>● আপনার ৩টি সর্বোচ্চ কর্মশক্তিগুলো কর্মশক্তি-১, কর্মশক্তি-২ ও কর্মশক্তি-৩-এর ঘরে লিখুন। |




| | |
|---|---|
| পদ্ধতি (নতুন শিক্ষার্থীদের জন্য) | ● কর্মশক্তির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হলেই ক্যারিয়ারে সাফল্যের সম্ভাবনা বেশি। কাজেই ক্যারিয়ার অভিধানটি দেখুন, সেখানে ক্যারিয়ারগুলো কর্মশক্তি অনুযায়ী ভাগ করা হয়েছে। যেমন– ভাষাগত, যৌক্তিক-বিশ্লেষণ, শৈল্পিক, মানবিক, শারীরিক-যান্ত্রিক। আপনার উচ্চ কর্মশক্তির বিভাগে দেখুন।<br>● প্রতিটি কর্মশক্তির ১-৩টি ক্যারিয়ার নির্বাচন করে সেগুলো 'ক্যারিয়ার রূপরেখা'-য় লিখে রাখুন। নিজ নিজ দক্ষতার অধীনে সেই ধারাগুলো দেখুন, যেগুলো আপনার উচ্চদক্ষতা রয়েছে।<br>● নিশ্চিত করতে হবে যেন একটি কর্মশক্তির জন্য কমপক্ষে একটি ক্যারিয়ার থাকে।<br><br>শিক্ষার্থীরা এরপর ক্যারিয়ারের রূপরেখা নিয়ে কাজ শুরু করতে পারবে, যদি কারো কোনো প্রশ্ন থাকে তার জবাব দিন।<br><br>ধাপ ২. বিকল্প ক্যারিয়ার<br><br>যখন ক্যারিয়ার রূপরেখা তৈরি শেষ হবে, শিক্ষার্থীদের কোন ক্যারিয়ার বেশি পছন্দ, তা বাছাই করতে হবে। তাদের নিম্নলিখিতভাবে<br><br>নির্দেশনা দিন।<br>● ৩টি ক্যারিয়ারকে বৃত্তাকার করুন, যা নিয়ে আপনি ভবিষ্যতে এগুতে চান<br>● নামগুলো ওয়ার্কশিটের ক্যারিয়ার বিকল্পের স্থানে অন্তর্ভুক্ত করুন<br>● কোনো ক্ষেত্রে যদি পছন্দের কোর্স না থাকে, তাহলে বিকল্প ক্যারিয়ার রাখতে হবে<br>● বেশি সম্ভাবনার জন্য প্রত্যেক কর্মশক্তি থেকে একটি ক্যারিয়ার বাছাই করুন, এগুলোই আপনার ক্যারিয়ারের সম্ভাব্য বিকল্প<br>● আপনার ক্যারিয়ার সম্পর্কিত ক্যারিয়ার ইনফরমেশন কার্ডগুলো হাতে নিন এবং নিজের ক্যারিয়ার সম্পর্কে আরও লিখে রাখুন<br>● এখন ফ্লিপচার্ট দেখে বিকল্প ক্যারিয়ার কোর্সগুলোর নাম লিখুন |
| পদ্ধতি (ইনকোর্স শিক্ষার্থীদের জন্য) | এই পর্যায়ে এটাও হতে পারে যে কেউ হয়তো এমন ক্যারিয়ার বাছাই করেছে, যেটি তার কোর্সের সঙ্গে সম্পর্কিত নয়। এতে যেন শিক্ষার্থীরা হতাশ বা নিরুৎসাহিত না হয়। তাদের জন্য আলাদা ওয়ার্কশিট নিয়ে কাজ করতে হবে।<br><br>'আমার কোর্স আমার ক্যারিয়ার' ওয়ার্কশিট ব্যবহার করুন।<br><br>ধাপ ১. আমার ক্যারিয়ারের বিকল্প<br><br>এই ওয়ার্কশিট ইনকোর্স শিক্ষার্থীদের জন্য। যেহেতু তারা এরই মধ্যে একটি কোর্সে রয়েছে, তাদের কাজ হচ্ছে তাদের কোর্স একটি পেশার সঙ্গে সংযুক্ত করা।<br><br>'আমার কোর্স আমার ক্যারিয়ার' ওয়ার্কশিট বিতরণ করুন।<br><br>● আপনার কোর্সের নাম লিখুন<br>● ফ্লিপচার্ট দেখুন, 'আমার কোর্স আমার ক্যারিয়ার' এবং যে ক্যারিয়ারগুলো আপনার কোর্সের শেষে নেওয়া সেগুলো নোট করুন<br>● ক্যারিয়ার ইনফরমেশন কার্ডটি নিয়ে দরকারি তথ্যগুলো নিয়ে নিন<br>● ভবিষ্যতে আপনার কর্মশক্তি সম্পর্কিত ক্যারিয়ার পরিবর্তন করতে ওয়ার্কশিটের অন্যান্য পন্থা অংশে যান<br>● 'আমার কর্মশক্তির রেখাচিত্র' ওয়ার্কশিট থেকে সর্বোচ্চ ৩টি কর্মশক্তি বাছাই করুন<br>● ক্যারিয়ার অভিধান থেকে প্রত্যেক কর্মশক্তি সম্পর্কিত ৩টি ক্যারিয়ার ও সেগুলোর কোর্সগুলো কী, তা লিখে রাখুন<br>● এসব তথ্য যদি ভবিষ্যতে কোনো পরিবর্তন চান, তার জন্য রাখুন |
| উপসংহার | পরবর্তী অনুশীলনে কীভাবে বাছাইকৃত ক্যারিয়ারের জন্য প্রস্তুতি নিতে হবে, সে বিষয়ে শিখব, এটুকু বলে শেষ করে দিন। |



# ১৪
# লক্ষ্য স্থির করা – বড় যদি হতে চাও, ছোট হও তবে

| | |
|---|---|
| শিরোনাম | **বড় যদি হতে চাও, ছোট হও তবে** |
| বিষয়বস্তু | 'বড় যদি হতে চাও, ছোট হও তবে'– এটি প্রকৃতিতে দেখা একটি সাধারণ নিয়ম। প্রকৃতি গড়ে ওঠে পূর্ববর্তী উন্নয়নের ওপর ভিত্তি করে। 'বড় যদি হতে চাও, ছোট হও তবে' ওয়ার্কশিটের শুরুতে দেওয়া ছবিগুলোর মাধ্যমে এটি সচিত্র উদাহরণ দেওয়া হয়েছে।<br><br>এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ মনোভাব, যা তরুণদের উন্নতির জন্য প্রথম ধাপ। ছোট থেকেই সব ক্যারিয়ার শুরু হয়। এই দর্শনটির সঙ্গে মানিয়ে নেওয়া সবার জন্যই জরুরি। তবে সব ক্যারিয়ার শেষ পর্যন্ত ছোট থাকে না। পদ্ধতিগত প্রস্তুতি ও সতর্ক পরিকল্পনার মাধ্যমে ছোট থেকে শুরু করে ক্যারিয়ার ধীরে ধীরে বড় করা সম্ভব।<br><br>এই কার্যক্রমটি এমনভাবে সাজানো যাতে অংশগ্রহণকারীরা বুঝতে পারে, প্রতিটি ক্যারিয়ারই প্রত্যেক ব্যক্তির জন্য আলাদা ভঙ্গিতে গড়ে ওঠে। প্রশিক্ষণ ও যোগ্যতার কারণে ভবিষ্যতে ক্যারিয়ারের উন্নতির জন্য পথচলা সুগম হয়। লেখাপড়া বা প্রশিক্ষণের সঙ্গে সম্পর্ক নেই, এমন কোনো কাজ বা চাকরির কারণে দীর্ঘমেয়াদে শ্রমবাজারে শিক্ষার্থীদের মূল্যায়ন কমে যায়। তবে পেশাগত উত্থান-পতনও রয়েছে। সব পেশা সব সময় এগিয়ে যাবে বা ওপরে উঠবে, তাও নয়। অনেক সময় কাজ বন্ধ রেখে নতুন কোনো দক্ষতা অর্জনের জন্য সময় দিতে হতে পারে, তখন উপার্জন কমে যাবে। |
| শিক্ষার উদ্দেশ্য | **এই অনুশীলনের শেষে শিক্ষার্থীরা অবশ্যই স্পষ্টভাবে যেসব বিষয় জানতে পারবে :**<br>• প্রতিটি ক্যারিয়ারের শুরু থাকে, শুরুটা ছোট করেই হয়<br>• প্রতিটি ক্যারিয়ারের কেন্দ্র থাকে, যেটির প্রতিটি স্তর আগের স্তরের সঙ্গে সম্পর্কিত, প্রতিটি স্তর নতুন কিছু সংযুক্ত করে, এভাবে একটি সফল ক্যারিয়ার আগের স্তরকে অতিক্রম করে অগ্রসর হতে থাকে<br>• অতীত অভিজ্ঞতা থেকে প্রাপ্ত শিক্ষা সব সময়ই ভবিষ্যৎ উজ্জ্বল করবে<br>• এগিয়ে যাওয়া মানেই সব সময় সাফল্য নয়, ব্যর্থতাও সাফল্যের অংশ<br>• ক্যারিয়ারের উন্নতির জন্য অভিজ্ঞতা অপরিহার্য অংশ, একই সময়ে সংশ্লিষ্ট বিষয়ে যোগ্যতা ও দক্ষতা অর্জন করতে থাকাও গুরুত্বপূর্ণ<br>• আমার ক্যারিয়ার আমার সঙ্গেই গড়ে ওঠে |
| টার্গেট গ্রুপ | পুরো দল (৩০ জন শিক্ষার্থী বা একটি শাখা) |
| সময় | সূচনা : ১০ মিনিট<br>ছোট দলীয় কাজ : ১০ মিনিট<br>আলোচনা : ১০ মিনিট<br>মোট : ৩০ মিনিট |



| | |
|---|---|
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. ওয়ার্কশিট : বড় যদি হতে চাও ছোট হয় তবে<br>২. ফ্লিপচার্ট : বড় যদি হতে চাও ছোট হয় তবে |
| পদ্ধতি | বিষয়বস্তু বিভাগে যে উপাদান উল্লেখ করা হয়েছে, তা ব্যবহার করে পুরো ক্লাসে 'বড় যদি হতে চাও, ছোট হয় তবে' ধারণাটি আলোচনা করুন। প্রকৃতির একটি নিয়ম– ছোট থেকে শুরু করা, এটি বোঝাতে গোলাপ ও নক্ষত্রের চিত্রটি ব্যবহার করুন। গোলাপ ও নক্ষত্রের মূল কীভাবে ছোট, তা দেখান। একই সময় কারও ক্যারিয়ারের মূলে একটি দক্ষতা ও কর্মশক্তি থাকবে। ক্যারিয়ারের সাফল্যের জন্য কারও জীবনে এইসব সম্ভবনার বিকাশ অপরিহার্য। প্রকৃতির এই নীতিগুলো বোঝতে শিক্ষার্থীদের সাহায্য করতে ফ্লিপটার্চের ছবি ব্যবহার করুন।<br><br>পুরো দলটিকে ৫টি ছোট দলে ভাগ করুন। প্রতিটি দল বিস্তারিত আলোচনা শেষে নিজেদের ওয়ার্কশিটে শূন্যস্থান পূরণ করবে। দলীয় আলোচনার জন্য ১০ মিনিটের মতো সময় দিন। মূল অংশগুলো তুলে ধরতে ফ্লিপচার্ট ব্যবহার করুন এবং 'বড় যদি হতে চাও, ছোট হও তবে'-এর অর্থ বোঝতে শিক্ষার্থীদের সাহায্য করুন।<br><br>**উত্তরপত্র :**<br>১. বড় হওয়ার জন্য ছোট থেকে শুরু করা এটি **প্রকৃতির** একটি নীতি।<br>২. প্রতিটি ক্যারিয়ারেরই একটি **শুরু** থাকে এবং ক্যারিয়ার এর **শুরু** ছোট থেকেই হতে পারে।<br>৩. আপনার **যোগ্যতাই** হতে পরে আপনার ক্যারিয়ার এর শুরু। আপনার **প্রশিক্ষনের** সাথে সম্পৃক্ত একটি **কাজ** ক্যারিয়ার বিকাশের জন্য আপনাকে ভাল সুযোগ দিতে পারে।<br>৪. **অভিজ্ঞতা** থেকে শেখা নিশ্চিত করবে আপনার ক্যারিয়ার **বিরক্তিকর** নয় এবং ক্রমবর্ধমান।<br>৫. ক্যারিয়ার এর সফলতার জন্য গুরুত্বপূর্ন **চলমান** যোগ্যতা নিয়ে পরিকল্পনা করা।<br>৬. সবসময় এগিয়ে যাওয়া মানেই **সফলতা** নয়। **ব্যর্থতা** থেকে শেখা সফলতার একটি আংশ। সফলতা এবং ব্যর্থতা থেকে **অভিজ্ঞতা** অনেক বেশি গুরুত্বপূর্ন।<br>৭. ক্যারিয়ার এর সাফল্যের অর্থ **বর্তমানের** সাথে **অতীতের** মিশ্রনে একটি নতুন ভবিষ্যত তৈরি করা।<br>৮. আমার **যোগ্যতা** এবং **অভিজ্ঞতার** সাথে সাথে, আমাকে অবশ্যই আমার ক্যারিয়ার **গড়া** সম্পর্কে শিখতে হবে।<br>৯. একটি ক্যারিয়ার থেকে অন্য ক্যারিয়ার এ **স্থানান্তরিত** হলে অভিজ্ঞতার মান হ্রাস পায় ।<br>১০. আমার ক্যারিয়ার **আমার** সাথেই গড়ে উঠে । |
| উপসংহার | আলোচনা বাস্তব জীবনের সঙ্গে সংযুক্ত করে এবং শিক্ষার উদ্দেশ্য তুলে ধরে শেষ করুন। |



# ১৫
# জীবনব্যাপী ক্যারিয়ারের উন্নয়ন

| | |
|---|---|
| শিরোনাম | **জীবনব্যাপী ক্যারিয়ারের উন্নয়ন** |
| বিষয়বস্তু | এই কর্মকাণ্ডটি সাজানো হয়েছে শিক্ষার্থীদের চলমান সাফল্যের বিষয়টি বুঝতে সাহায্য করতে। ক্যারিয়ারের বিকাশ ঘটে সারা জীবন ধরে। যোগ্যতা ও কাজের অভিজ্ঞতার নিরবচ্ছিন্ন সমন্বয় ক্যারিয়ারের সাফল্যের পথ উন্মুক্ত করে দেয়। জীবনব্যাপী ক্যারিয়ারের সাফল্যের জন্য যেসব শর্ত জরুরি :<br>● উচ্চতর ও অধিকতর শিক্ষা অর্জন (এই তথ্যটি ফ্লিপচার্ট শিক্ষার মাইলফলকের মধ্যে আছে)<br>● প্রতিযোগিতা/যোগ্যতাভিত্তিক পরীক্ষা<br><br>এই অনুশীলন শিক্ষার্থীদের এই সম্ভাবনার প্রতি সংবেদনশীলতা বিকাশে সাহায্য করতে সাজানো হয়েছে। |
| শিক্ষার উদ্দেশ্য | **এই অনুশীলনের শেষে শিক্ষার্থীরা অবশ্যই স্পষ্টভাবে যেসব বিষয় জানতে পারবে :**<br>● নিজেদের পেশাগত পন্থার সঙ্গে সম্পৃক্ত প্রতিযোগিতামূলক ও যোগ্যতাভিত্তিক পরীক্ষাগুলো শনাক্ত করা<br>● নিজেদের সঙ্গে সম্পর্কযুক্ত উচ্চতর ও পরবর্তী শিক্ষার কোর্সগুলো শনাক্ত করা |
| টার্গেট গ্রুপ | পুরো দল (৩০ জন শিক্ষার্থী বা একটি শাখা) |
| সময় | ৬০ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. ওয়ার্কশিট : ক্যারিয়ার গঠন – জীবনব্যাপী ক্যারিয়ারের উন্নয়ন।<br>২. ফ্লিপচার্ট : শিক্ষা মাইলফলক<br>৩. ফ্লিপচার্ট : আমার কোর্স আমার ক্যারিয়ার |
| পদ্ধতি | জীবনব্যাপী ক্যারিয়ারের উন্নয়ন নিয়ে শ্রেণিকক্ষে আলোচনা শুরু করুন। আগের ওয়ার্কশিট 'বড় যদি হতে চাও, ছোট হও তবে' থেকে উদাহরণ দিন। তারপর বর্তমান ওয়ার্কশিটে ফিরে আসুন। জীবনব্যাপী ক্যারিয়ারের উন্নয়নের জন্য এই ওয়ার্কশিট দুটি বাস্তবসম্মত উপায় সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা দিন :<br>১. উচ্চতর ও পরবর্তী শিক্ষা<br>২. প্রতিযোগিতামূলক পরীক্ষা<br><br>শিক্ষার মাইলফলকের ফ্লিপচার্ট রাখুন এবং শিক্ষার্থীদের শিক্ষার মাইলফলকের ওয়ার্কশিট খুলতে বলুন। বাংলাদেশের প্রেক্ষাপটে উচ্চতর ও পরবর্তী শিক্ষার চলমান ধাপগুলো মনে রাখুন।<br><br>শিক্ষার্থীদের ইনফরমেশন শিট : প্রতিযোগিতামূলক পরীক্ষাটি দেখতে বলুন। দেশে ক্যারিয়ার উন্নয়নের সঙ্গে সম্পৃক্ত পরীক্ষার পদ্ধতিগুলো ব্যাখ্যা করুন। বিভিন্ন ধরনের পরীক্ষা সম্পর্কে ধারণা দিন। প্রতিযোগিতামূলক পরীক্ষা সম্পর্কে আরও বেশি জানতে নিজস্ব অনলাইন গবেষণার জন্য শিক্ষার্থীদের উৎসাহিত করুন।<br><br>শিক্ষার মাইলফলক ও প্রতিযোগিতামূলক পরীক্ষার ইনফরমেশন শিট ব্যবহার করে শিক্ষার্থীদের জীবনব্যাপী ক্যারিয়ার উন্নয়নের ওয়ার্কশিট পূরণ করতে সহযোগিতা করুন। |
| উপসংহার | এটা বলে শেষ করুন যে ক্যারিয়ারের উন্নয়ন কখনই থামে না। সারা জীবনের যোগ্যতার সঙ্গে অভিজ্ঞতার সম্মিলনেই ক্যারিয়ারের সাফল্য আসবে। |




# ১৬
# ক্যারিয়ার গঠন : চাকরি সন্ধানে দক্ষতার পরিচয়

| শিরোনাম | **ক্যারিয়ার গঠন : চাকরি সন্ধানে দক্ষতার পরিচয়** |
|---|---|
| বিষয়বস্তু | শিক্ষার্থীরা প্রায়ই ভেবে নেয়, একটি কোর্স শেষ করার পরপরই বুঝি নিজে নিজেই ক্যারিয়ার শুরু হয়ে যায়। কিন্তু আসলে সেটি সব সময় হয় না। কোর্স সম্পন্ন করা মানে ক্যারিয়ারের পথে একটি যোগ্যতা অর্জন। ক্যারিয়ার গঠন পুরোপুরি নির্ভর করে নির্দিষ্ট যোগ্যতাধারী মানুষটির ওপর। ক্যারিয়ার শুরু হয় চাকরি সন্ধানের মাধ্যমে দীর্ঘমেয়াদী পরিকল্পনার সঙ্গে। এটি সেই পরিকল্পনা, যা কাউকে তার জীবনজুড়ে বড় হওয়া ও উন্নতিসাধনের পথে পরিচালনা করবে। উদাহরণ– কেউ হয়তো বৃত্তিমূলক শিক্ষার কোর্সের প্রথম স্তর সম্পন্ন করেছেন, এখন তার জীবনের চাহিদা অনুযায়ী পরবর্তী স্তরের যোগ্যতার জন্য পরিকল্পনা শুরু করতে হবে।<br><br>আরেকটি বিষয় মাথায় রাখতে হবে, যখন চাকরি সঙ্গে সঙ্গেই পাওয়া যায় না, তখন সবাই হাতের কাছে যে চাকরি পায়, সেটাই শুরু করে দেয়। সেটি হয়তো তাদের যোগ্যতার সঙ্গে সম্পর্কিত নাও হতে পারে। এ ধরনের চাকরি শুরু করে দিলে ভবিষ্যৎ ক্যারিয়ার শুরুতেই ঝুঁকির মুখে পড়ে যায়।<br><br>**ক্যারিয়ার গঠনের জন্য গুরুত্বপূর্ণ কয়েকটি দক্ষতা :**<br>১। চাকরি সন্ধানের দক্ষতা<br>ক) চাকরিদাতা<br>খ) কোথায় চাকরির বিজ্ঞাপন খুঁজে পাওয়া যাবে<br>গ) চাকরির বিজ্ঞাপন বুঝতে পারা<br>ঘ) জব পোর্টালে নিবন্ধন<br><br>২। নিজেকে উপস্থাপন করার দক্ষতা<br>ক) সিভি ও কাভার লেটার লেখা<br>খ) সাজগোজ ও ড্রেস-কোড<br>গ) চাকরির সাক্ষাৎকার<br><br>৩। আজীবন ক্যারিয়ারের বিকাশ<br>ক) উচ্চতর ও আরও শিক্ষাগ্রহণ<br>খ) পরীক্ষায় উত্তীর্ণ হওয়া<br>গ) উচ্চশিক্ষার বৃত্তি<br><br>এই অনুশীলন চাকরি অনুসন্ধানের দক্ষতার সঙ্গে সম্পর্কিত। |
| শিক্ষার উদ্দেশ্য | অনুশীলনের শেষে শিক্ষার্থীরা অবশ্যই–<br>ক) বাংলাদেশের বিভিন্ন কর্মসংস্থান সৃষ্টিকারী প্রতিষ্ঠান সম্পর্কে জানবে<br>খ) চাকরির বিজ্ঞাপনে বিভিন্ন উৎস চিহ্নিত করতে পারবে<br>গ) উপযুক্ত চাকরি খুঁজতে বিভিন্ন উৎসের সন্ধান করতে পারবে<br>ঘ) চাকরির বিজ্ঞাপন বুঝতে পারবে |
| টার্গেট গ্রুপ | উপস্থাপনের সময় পুরো দল ও অনুশীলনের সময় ২ জন শিক্ষার্থী |
| সময় | ৬০ মিনিট |




| | |
|---|---|
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. ওয়ার্কশিট : ক্যারিয়ার গঠন : কাজ অনুসন্ধানের দক্ষতা<br>২. ফ্লিপচার্ট : ক্যারিয়ার গঠন : কাজ অনুসন্ধানের দক্ষতা |
| পদ্ধতি | **ফ্লিপচার্ট ব্যবহার করে ছাত্র-ছাত্রীদের কয়েকটি বিষয় বুঝতে ও ওয়ার্কশিটে লিখতে সাহায্য করুন :**<br><br>**কর্মসংস্থানের ধরন এবং ক্ষেত্র :**<br>ক) সরকারি (রাষ্ট্রীয় মালিকানাধীন)<br>খ) বেসরকারি সংস্থা<br>গ) স্বনির্ভর<br><br>**সংস্থার ধরন :**<br>ক) বহুসমন্বিত সংঘবদ্ধ সংস্থা<br>খ) নির্দিস্ট পণ্য বা পরিষেবা<br><br>শিক্ষার্থীদের যোগ্যতা অনুযায়ী সব ধরনের সংস্থায় চাকরি পাওয়া যায়, এই বিষয়টি সময় নিয়ে ব্যাখ্যা করুন।<br><br>চাকরির যোগ্যতা : শূন্যস্থান ব্যবহার করে শিক্ষার্থীদের বিভিন্ন চাকরিতে ঢোকার পদ্ধতি, যেমন– আবেদন, নিবন্ধন, জীবনবৃত্তান্ত, কাভার লেটার, পরীক্ষা, কাজের দক্ষতা ও অভিজ্ঞতার বিবরণ দিন।<br><br>**উত্তর :**<br>ক) বিভিন্ন প্রতিষ্ঠানে বিভিন্ন ধরনের শর্ত থাকে<br>খ) কিছু প্রতিষ্ঠানে নির্ধারিত আবেদনপত্রে আবেদন করতে হতে পারে<br>গ) কিছু প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ওয়েবসাইটে নিবন্ধন করার প্রয়োজন হতে পারে<br>ঘ) কিছু প্রতিষ্ঠানে প্রবেশিকা পরীক্ষার প্রয়োজন হতে পারে<br>ঙ) সব ধরনের চাকরির আবেদনে ভালো জীবনবৃত্তান্ত, আবেদনপত্র, দক্ষতা ও কাজের অভিজ্ঞতার বিবরণ প্রয়োজন<br><br>চাকরির তথ্যের উৎস<br>ক) সংবাদপত্র<br>খ) বিজ্ঞপ্তি<br>গ) নিয়োগকারীর সংস্থা<br>ঘ) ব্যক্তিগত যোগাযোগ<br>ঙ) অনলাইন জব পোর্টাল<br>চ) প্রতিষ্ঠানের ওয়েবসাইট<br><br>নোটিশ বোর্ডে প্রাসঙ্গিক চাকরির তথ্য তুলে ধরার রেওয়াজ গড়ে তুলুন। চাকরির বিজ্ঞাপন বিশ্লেষণ, চাকরির জন্য উপযোগিতা ও প্রস্তুতির মূল্যায়ন করতে শিক্ষার্থীদের সংবাদপত্র দেখার চর্চা বাড়াতে উৎসাহিত করুন। |
| উপসংহার | **কয়েকটি বিষয়ে গুরুত্ব দিয়ে শেষ করুন :**<br>ক) কোর্স শেষ হওয়ার মাসখানেক আগে চাকরির সন্ধান শুরু করুন<br>খ) চাকরি অনুসন্ধানের জন্য নির্দিষ্ট সময় ঠিক করুন<br>গ) যে সময়টা চাকরির জন্য দিতে হতো, সেই সময়টা কাজ খুঁজতে ব্যয় করুন<br>ঘ) মাথায় রাখা দরকার যে চাকরি খোঁজার কাজটি যথেষ্ট হতাশা ও বিরক্তিকর<br>ঙ) পরিবার ও বন্ধুদের জানিয়ে রাখুন, আপনি চাকরি খুঁজছেন |



# ১৭
# চাকরি অনুসন্ধানের দক্ষতা অনুশীলন : প্রতিষ্ঠান সম্পর্কে জানা

| | |
|---|---|
| শিরোনাম | **প্রতিষ্ঠান সম্পর্কে জানা** |
| বিষয়বস্তু | আগের অনুশীলনে চাকরি অনুসন্ধানের নানা দিক সম্পর্কে শিক্ষার্থীরা ধারণা পেয়েছিল। এই অনুশীলন তাদের ব্যবহারিক জ্ঞান দেবে, কীভাবে একটি প্রতিষ্ঠান সম্পর্কে জানা যায়। |
| শেখার উদ্দেশ্য | এই অনুশীলন শেষে ছাত্রছাত্রীরা অবশ্যই–<br>১. বাংলাদেশের চাকরিদাতা প্রতিষ্ঠান খুঁজে বের করতে পারবে<br>২. বাংলাদেশের চাকরিদাতার বর্ণনাা দিতে পারবে |
| টার্গেট গ্রুপ | উপস্থাপনার জন্য পুরো দল। অনুশীলনের জন্য দুইজন ছাত্র। |
| সময় | ৬০ মিনিট |
| উপকরণ | **যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. ওয়ার্কশিট : প্রতিষ্ঠান সম্পর্কে জানা<br>২. ওয়েবলিংক : বাংলাদেশের নানা প্রতিষ্ঠান<br>http://en.wikipedia.org/wiki/catagory:conglomerate_companies_of_Bangladesh<br>নিশ্চিত করুন যে, সব ধরনের চাকরিদাতার তালিকা এখানে রয়েছে– সরকারি, বেসরকারি, জাতীয়, বহুজাতিক ইত্যাদি।<br>৩. কম্পিউটার বা ফোনের মাধ্যমে ইন্টারনেট ব্রাউজ করুন<br>৪. এই সেশনে শিক্ষার্থীদের স্মার্টফোন নিয়ে আসতে হবে |
| পদ্ধতি | আপনার সংগ্রহ করা ওয়েব লিংকে যান। নিশ্চিত করতে হবে, এই তালিকায় যেন নানা ধরনের প্রতিষ্ঠান থাকে। বহুসমন্বিত, যেসব প্রতিষ্ঠান নির্দিষ্ট পণ্য উৎপাদন ও পরিষেবা দেয় এবং সরকারি সংস্থা। কীভাবে প্রতিষ্ঠান সম্পর্কে জানা যায়, তা ছাত্রছাত্রীদের প্রদর্শন করুন। আপনি যেভাবে দেখাবেন, তারা সেভাবেই ওয়ার্কশিট পূরণ করবে।<br><br>প্রদর্শনের পর শিক্ষার্থীদের দুটো গ্রুপ করে দিয়ে তাদের ওয়েব লিংক দিন। তারা সেটি গবেষণা করে ওয়ার্কশিটে বর্ণিত তথ্য খুঁজে বের করবে এবং নোটপেপারে তথ্যগুলো লিখে নেবে। নোটগুলো পরে সংগ্রহ করুন এবং ক্যারিয়ারের বুলেটিন বোর্ডে প্রদর্শন করুন। |
| উপসংহার | শেষ করার আগে শিক্ষার্থীদের বলুন যে নানা চাকরির সুযোগ সম্পর্কে জানতে নিয়মিত ইন্টারনেট ব্রাউজ করতে হবে। |



# ১৮
# চাকরি খোঁজার দক্ষতা : চাকরির বিজ্ঞাপন খুঁজে বের করা ও বোঝা

| | |
|---|---|
| শিরোনাম | **চাকরি খোঁজার দক্ষতা : চাকরির বিজ্ঞাপন খুঁজে বের করা ও বোঝা** |
| বিষয়বস্তু | এই অনুশীলন শিক্ষার্থীদের চাকরি খোঁজার দক্ষতা বাড়াতে সাজানো হয়েছে। এই কার্যক্রমের মাধ্যমে তারা খবরের কাগজে কীভাবে চাকরির বিজ্ঞাপন খুঁজতে হয়, তা শিখবে। |
| শিক্ষার উদ্দেশ্য | **এই অনুশীলনের শেষে শিক্ষার্থীরা অবশ্যই স্পষ্টভাবে নিচের বিষয়গুলো করতে পারবে :**<br>• খবরের কাগজে চাকরির বিজ্ঞাপন খুঁজতে পারবে<br>• চাকরির বিজ্ঞাপন বুঝতে পারবে |
| টার্গেট গ্রুপ | পুরো দল (ব্যাখ্যা করার সময়)<br>২ জন (অনুশীলনের সময়) |
| সময় | ৬০ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. ওয়ার্কশিট : চাকরির বিজ্ঞাপন খোঁজা ও বোঝা<br>২. চাকরির বিজ্ঞাপনযুক্ত সংবাদপত্র (২ জন ছাত্রের জন্য ১টি), বিজ্ঞাপনগুলো শিক্ষার্থীরা নিজেরাই খুঁজে বের করবে |
| পদ্ধতি | ওয়ার্কশিট : চাকরির বিজ্ঞাপন খোঁজা ও বোঝা– এ দুটো চাকরির বিজ্ঞাপনের উদাহরণ দেওয়া হয়েছে। সেই উদাহরণগুলো ব্যবহার করে ছাত্রদের বিজ্ঞাপনটি পড়তে ও বুঝতে সাহায্য করুন। শিক্ষার্থীরা এই প্রশ্নের উত্তর দিতে চেষ্টা করবে, কে কোন চাকরির জন্য আবেদন করতে পারবে। এ ছাড়াও তারা যেসব তথ্য বের করার চেষ্টা করবে :<br>• চাকরির নাম<br>• প্রয়োজনীয় যোগ্যতা<br>• প্রয়োজনীয় নথি বা কাগজপত্র<br>• আবেদনের প্রক্রিয়া (জীবনবৃত্তান্ত, কাভার লেটার, জমাদান)<br>• অন্যান্য যোগ্যতা, বয়স, নাগরিকত্ব ইত্যাদি<br><br>উপস্থাপনার পর প্রতি দুজন শিক্ষার্থীকে ১ট করে সংবাদপত্র দিন। তারা চাকরির বিজ্ঞাপন খুঁজে বের করবে এবং ওপরের তথ্যগুলো খুঁজে বের করে নোট নেবে। নোটগুলো সংগ্রহ করে ক্যারিয়ার বুলেটিন বোর্ডে দেখানোর ব্যবস্থা করুন।<br><br>প্রাসঙ্গিক তথ্য লিখে রাখার একটি অভ্যাস তৈরি করুন। চাকরির বিজ্ঞাপন খুঁজে যোগ্যতা ও অন্যান্য বিষয় পর্যালোচনা করতে শিক্ষার্থীদের উৎসাহী করুন। |
| উপসংহার | চাকরির তথ্যর জন্য প্রতিদিন সংবাদপত্র পড়ার গুরুত্ব আলোচনা করে শেষ করে দিন। |




# ১৯
# চাকরি খোঁজার দক্ষতা : চাকরির পোর্টালে নিবন্ধন করা

| | |
|---|---|
| শিরোনাম | **চাকরি খোঁজার দক্ষতা : চাকরির পোর্টালে নিবন্ধন করা** |
| বিষয়বস্তু | চাকরি খোঁজার জন্য অনলাইন প্লাটফরম আজকাল খুবই গুরুত্বপূর্ণ মাধ্যম হয়ে দাঁড়িয়েছে। এই অনুশীলনে শিক্ষার্থীরা শিখবে কীভাবে এইসব প্লাটফরম ব্যবহার করতে হয়। |
| শিক্ষার উদ্দেশ্য | **এই অনুশীলন শেষে শিক্ষার্থীরা অবশ্যই স্পষ্টভাবে নিচের বিষয়গুলো করতে পারবে :**<br>• ইন্টারনেটে চাকরির বিজ্ঞাপন খুঁজতে পারা<br>• চাকরির পোর্টালে সফলভাবে নিবন্ধন করে প্রয়োজনীয় তথ্য খুঁজতে পারা |
| টার্গেট গ্রুপ | পুরো দল (ব্যাখ্যা করার সময়)<br>২ জন (অনুশীলনের সময়) |
| সময় | ৬০ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. ওয়ার্কশিট : চাকরির পোর্টালে নিবন্ধন<br>২. ইনফরমেশন শিট : ওয়েবসাইটের লিংক : বাংলাদেশের চাকরির পোর্টাল<br>৩. কম্পিউটার বা মোবাইলে ইন্টারনেট সুবিধা<br>৪. শিক্ষার্থীদের তাদের স্মার্টফোন নিয়ে আসবে |
| পদ্ধতি | ধাপ ১. প্রথম ধাপে আবেদনকারীর একটি ইমেইল প্রয়োজন হয়। তাই নিশ্চিত করুন সবার ইমেইল আইডি রয়েছে।<br><br>ধাপ ২. যে চাকরির পোর্টারের লিংক নিয়ে কাজ করবেন, তা সবাইকে দিন। সেটি কীভাবে কাজ করে, কীভাবে নিবন্ধন করতে হয়, সেটি দেখিয়ে দিন। আপনি যখন দেখাবেন, শিক্ষার্থীরা তখন ওয়ার্কশিট পূরণ করবে।<br><br>প্রদর্শনের পর শিক্ষার্থীদের ২ জন করে ভাগ করুন। তাদের ওয়েবসাইটের লিংকের ইনফরমেশন শিট দিন। তারা নিজেরাই চাকরির পোর্টালে গিয়ে নিবন্ধন করবে। |
| উপসংহার | পোর্টালে নিবন্ধন করতে অসুবিধা হলে, পরবর্তী সময়ে এ বিষয়ে সাহায্য করার আশ্বাস দিয়ে শেষ করুন। |



# ২০
# নিজেকে উপস্থাপনার দক্ষতা : জীবনবৃত্তান্ত (সিভি)

| | |
|---|---|
| শিরোনাম | **নিজেকে উপস্থাপনার দক্ষতা : জীবনবৃত্তান্ত (সিভি)** |
| বিষয়বস্তু | কাভার লেটার ও জীবনবৃত্তান্ত পড়েই একজন নিয়োগদাতা প্রাথমিক সিদ্ধান্ত নিয়ে নেন, প্রার্থীকে সাক্ষাৎকারের জন্য ডাকা হবে কিনা কিংবা নিয়োগ দেওয়া হবে কিনা। এ জন্য কাভার লেটার ও জীবনবৃত্তান্ত বিশেষ গুরুত্বপূর্ণ। এ অনুশীলনে শিক্ষার্থীরা শিখবে কীভাবে কাভার লেটার ও জীবনবৃত্তান্ত প্রস্তুত করতে হয়। |
| শিক্ষার উদ্দেশ্য | **এই অনুশীলনের শেষে শিক্ষার্থীরা অবশ্যই স্পষ্টভাবে যেসব বিষয় জানতে পারবে :**<br>• নিজের জীবন বৃত্তান্ত লিখতে পারবে<br>• বিজ্ঞাপনে বর্ণিত শর্ত অনুযায়ী জীবনবৃত্তান্ত কীভাবে পরিবর্তন করতে হয় |
| টার্গেট গ্রুপ | পুরো দল (ব্যাখ্যা করার সময়)<br>কিন্তু অনুশীলনের সময় সবাইকে আলাদা কাজ করতে হবে |
| সময় | ৬০ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. ইনফরমেশন শিট : ভালো জীবনবৃত্তান্ত লেখার উপায়<br>২. ইনফরমেশন শিট : জীবনবৃত্তান্তের নমুনা<br>৩. ফাঁকা কাগজে জীবনবৃত্তান্ত লেখার অনুশীলন |
| পদ্ধতি | ইনফরমেশন শিট ব্যবহার করে শিক্ষার্থীদের জানাতে হবে কীভাবে ভালো জীবনবৃত্তান্ত লিখতে হয়।<br>প্রদর্শনের পরে প্রত্যেক শিক্ষার্থ নিজের জীবনবৃত্তান্ত লিখবে।<br>শিক্ষার্থীরা জীবনবৃত্তান্ত ক্যারিয়ার গাইডেন্স অফিসার (সিজিও)-কে জমা দেবে।<br>জীবনবৃত্তান্তটি অত্যন্ত গুরুত্বপূর্ণ শিক্ষার্থীদের ভবিষ্যতের জন্য। যদি সম্ভব হয় তবে ক্যারিয়ার গাইডেন্স অফিসার (সিজিও) সবার জীবনবৃত্তান্ত পরীক্ষা করে মতামত দেবেন। |
| উপসংহার | শিক্ষার্থীদের জীবনবৃত্তান্ত লেখার ক্ষেত্রে কোনো অসুবিধা হলে পরবর্তী সময়ে দেখা করার পরামর্শ দিয়ে শেষ করুন। |



# ২১
# নিজেকে উপস্থাপনার দক্ষতা : কাভার লেটার

| | |
|---|---|
| শিরোনাম | **নিজেকে উপস্থাপনার দক্ষতা : কাভার লেটার** |
| বিষয়বস্তু | কাভার লেটার একজন প্রার্থীকে নিয়োগকর্তার সঙ্গে পরিচয় করিয়ে দেয়। কোনো কাভার লেটার না থাকলে, বা খারাপভাবে লেখা হলে, নিয়োগকর্তা জীবনবৃত্তান্ত পড়েই দেখেন না। এই অনুশীলন শিক্ষার্থীদের ভালো কাভার লেটার লিখতে সাহায্য করবে। |
| শিক্ষার উদ্দেশ্য | **এই অনুশীলনের শেষে শিক্ষার্থীরা অবশ্যই স্পষ্টভাবে নিচের বিষয়গুলো করতে পারবে :**<br>• কাভার লেটার লিখতে পারবে<br>• বিজ্ঞাপন অনুযায়ী কাভার লেটার কীভাবে লিখতে হয়, তা জানবে |
| টার্গেট গ্রুপ | পুরো দল (ব্যাখ্যা করার সময়)<br>কিন্তু অনুশীলনের সময় আলাদা কাজ করতে হবে |
| সময় | ৬০ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. ইনফরমেশন শিট : কীভাবে কাভার লেটার লিখতে হয়<br>২. ইনফরমেশন শিট : কাভার লেটারের নমুনা<br>৩. ফাঁকা কাগজে কাভার লেটার লেখার অনুশীলন |
| পদ্ধতি | ইনফরমেশন শিট ব্যবহার করে শিক্ষার্থীদের জানাতে হবে কীভাবে ভালো কাভার লেটার লিখতে হয়।<br>প্রদর্শনের পরে প্রত্যেক শিক্ষার্থ নিজের কাভার লেটার লিখবে।<br>শিক্ষার্থীরা কাভার লেটার লিখে ক্যারিয়ার গাইডেন্স অফিসার (সিজিও)-কে জমা দেবে।<br>কাভার লেটার অত্যন্ত গুরুত্বপূর্ণ শিক্ষার্থীদের ভবিষ্যতের জন্য। যদি সম্ভব হয় তবে ক্যারিয়ার গাইডেন্স অফিসার (সিজিও) সবার কাভার লেটার পরীক্ষা করে মতামত দেবেন। |
| উপসংহার | শিক্ষার্থীদের কাভার লেটার লেখার ক্ষেত্রে কোনো অসুবিধা হলে পরবর্তী সময়ে দেখা করার পরামর্শ দিয়ে শেষ করুন। |



# ২২
# কর্মঅভিজ্ঞতার সুযোগ সৃষ্টি

| | |
|---|---|
| শিরোনাম | **কর্মঅভিজ্ঞতার সুযোগ সৃষ্টি** |
| বিষয়বস্তু | অভিজ্ঞতাহীন ব্যক্তির চেয়ে অভিজ্ঞ প্রার্থী সব সময়ই চাকরিদাতার কাছে অগ্রাধিকার পেয়ে থাকেন। সাক্ষাৎকারের সময়ও তিনি প্রশ্ন করতে পারেন, আগের কোনো অভিজ্ঞতা আছে কিনা। কিন্তু চাকরি ছাড়া অভিজ্ঞতাই বা কেমন করে অর্জন করা সম্ভব! এ কারণে ছাত্রত্ব থাকা অবস্থাতেই শিক্ষানবিশ হিসেবে কর্মঅভিজ্ঞতা অর্জন করে নেওয়া বিশেষ উপকারী।<br><br>এই অনুশীলন ছাত্রছাত্রীদের বোঝানো হবে কর্মঅভিজ্ঞতা কতটা গুরুত্বপূর্ণ। কীভাবে তারা নিজেরাই কর্মঅভিজ্ঞতার সুযোগ তৈরি করতে পারে। |
| শিক্ষার উদ্দেশ্য | **এই অনুশীলনের শেষে শিক্ষার্থীরা অবশ্যই স্পষ্টভাবে যেসব বিষয় জানতে পারবে :**<br>• কাজের অভিজ্ঞতার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে<br>• জানতে পারবে কী করে কাজের অভিজ্ঞতা অর্জনের সুযোগ তৈরি করা যাবে |
| টার্গেট গ্রুপ | পুরো দল |
| সময় | ৪৫ মিনিট |
| উপকরণ | **অনুশীলন শুরুর আগে যেসব উপকরণ প্রস্তুত রাখতে হবে :**<br>১. ওয়ার্কশিট : কর্মঅভিজ্ঞতার সুযোগ সৃষ্টি |
| পদ্ধতি | কর্মঅভিজ্ঞতার গুরুত্ব ব্যাখ্যা করুন। ওয়ার্কশিট 'কর্মঅভিজ্ঞতার সুযোগ সৃষ্টি' ব্যবহার করে শিক্ষার্থীদের ধাপগুলোর মাধ্যমে বোঝান কীভাবে তারা নিজেদের কাজের অভিজ্ঞতার সুযোগ তৈরি করতে পারে। |
| উপসংহার | শিক্ষার্থীদের এই বলে শেষ করুন, আপনি ক্যারিয়ার সংযোগের বোর্ডে কাজের অভিজ্ঞতার সুযোগ দেবেন, এরপর শিক্ষার্থীরাও চেষ্টা করবে। |

স্কিলস ২১ প্রকল্পের একটি প্রকাশনা

বাস্তবায়ন ও
সহযোগিতায়:

International
Labour
Organization